সা° ভা°। অথ চতুর্থখণ্ডে—সৈষা প্রথমা। বামদেব-ঋষিঃ পংক্তিচ্ছন্দো ভ্রাজন্ত্যগ্ন ইতি দ্বয়োঃ। আগ্নেয়ী প্রথমর্ত্তব্যা দ্বিতীয়া দৃশ্যতে তয়োঃ॥ 'সমিধান' ঋত্বিগ্‌ভিঃ সমিধ্যমান! দীপ্ত! হে 'অগ্নে'! 'ভ্রাজন্তী' প্রকাশমানা 'আসনি' আস্যে 'অন্তর্' মধ্যে স্থিতা ত্বদীয়া 'জিহ্বা' হবীংষি 'চরতি' ভক্ষয়তি। হে 'অগ্নে'! 'বসুবিৎ'! ধনলম্ভক! ত্বং 'নঃ' অস্মভ্যং 'পয়সা' অন্নেন সহ 'রয়িং' রমণীয়ং ধনং 'দৃশে' দর্শনায় 'বর্চঃ' তেজশ্চ তেজস্বিত্বং বা 'অদাঃ' দেহি ॥ ১

সা০ ভা০ অ০। হে প্রদীপ্ত অগ্নে! তোমার এই প্রকাশমান আস্যে শিখা রূপে দেদীপ্যমান জিহ্বা হবি গ্রহণ করিতেছে; হে অভীষ্টদঅগ্নে! তুমি আমাদিগকে অন্ন ও তাহার সহিত অন্যান্য রমণীয় ধন প্রদান কর অপিচ আমাদের তেজস্বিতা পরিবৃদ্ধিত কর ॥ ১

বা০ টী০। হে 'অগ্নে!' তুমি মধ্যস্থানে সতত 'সমিধান' সমিধ্যমান হইতেছ, সুতরাং 'দীদিবঃ' অতিশয় দীপ্তি পাইতেছ; তাহা হইতেই 'ভ্রাজন্তী' মুহুর্মুহুঃ প্রকাশমানা 'জিহ্বা' বিদ্যুৎ 'আসনি অন্তঃ' বিরাট্‌পুরুষের মুখের মধ্যে অন্তরীক্ষে 'চরন্তি' চলিতেছে। 'স ত্বং অগ্নে!' 'বসুবিৎ' অষ্টবসু অর্থাৎ অষ্ট দিক্‌ই বিদিত আছ অর্থাৎ সর্ব্বত্রই তুমি বিদ্যমান রহিয়াছ, তুমি 'পয়সা' বৃষ্টির সহিত 'রয়ি' অন্নসম্পত্তি ও 'বর্চ্চঃ' শারীর তেজ 'অদাঃ' প্রদান করিয়া থাক।

অর্থাৎ আমাদের শারীর তেজের কারণ কি? অন্নসম্পত্তি। অন্নের কারণ কি? বৃষ্টি। বৃষ্টির কারণ কি? অন্তরীক্ষে বিদ্যুদ্গতি। বিদ্যুদ্গতির কারণ কি? অন্তরীক্ষে যে স্থানে মেঘ প্রস্তুত হয়, সেই স্থানে অগ্নির অতি-দীপ্তি। অতি-দীপ্তির কারণ কি? তত্রত্য অগ্নির সমিন্ধন অর্থাৎ সম্যক্ জ্বালন। কে তথায় বসিয়া অগ্নিকে সমিধিত করিতেছেন? তিনিই জগৎপাতা পরমদেব। এরূপেও ঈশ্বরভাব উপদিষ্ট হইল * ॥ ১

* যাহাঁরা বেদে একমাত্র প্রকৃতিপুঞ্জেরই উপাসনা দেখেন, তাঁহাদের মতে "কে তথায় অগ্নিকে সমিন্ধিত করিতেছেন?" ইহার উত্তর,—"সূর্য্য"। এতাবতা তাঁহাদের মতে এ মন্ত্রটীতেও সূর্য্যেরই স্তুতি।

(৩১)

২ ১র ২র ৩২র ২র
ৱসন্তইন্নু রন্ত্যোগ্রীষ্মইন্নু রন্ত্যঃ।
৩ ১র ২র ৩১ ২ ৩ ১র ২র৩১র ২র
ৱর্ষাণ্যন্নুশরদোহেমন্তঃশিশিরইন্ন রন্ত্যঃ ॥ ২

সা৹ ভা৹। অথ দ্বিতীয়া। 'ৱসন্তঃ ইন্নু' ৱসন্তএৱ চৈত্র-বৈশাখস্বরূপৱসন্তঋতুরেৱ 'ৱন্ত্যঃ' রমণীয়ঃ ভৱতি। 'গ্রীষ্মইন্নু' জ্যেষ্ঠাষাঢ়রূপো গ্রীষ্মঋতুরেৱ 'ৱন্ত্যঃ' রমণীয়ঃ। 'ৱর্ষাণি' ৱর্ষা শ্রাৱণ-ভাদ্রপদরূপেণাৱয়ৱীভূতঃ প্রাবৃট্ ঋতুরেৱ 'ৱন্ত্যঃ' রমণীয়ঃ। 'তান্যন্নু' 'শরদঃ' আশ্বিনকার্ত্তিকরূপেণাৱয়ৱীভূত-ঋতুঃ 'ৱন্ত্যঃ' রমণীয়ঃ। 'হেমন্তঃ' মার্গশীর্ষ-পৌষরূপএৱ 'ৱন্ত্যঃ' রমণীয়ঃ। 'শিশিরইন্ন' মাঘ-ফাল্গুনরূপএৱ 'ৱন্ত্যঃ' রমণীয়ঃ ॥ ২

সা৹ ভা৹ অ৹। চৈত্র ও বৈশাখ এই মাসদ্বয়, বসন্ত ঋতুই রমণীয়। জ্যৈষ্ঠ ও আষাঢ় এই মাসদ্বয়, গ্রীষ্ম ঋতুই রমণীয়। শ্রাবণ ও ভাদ্র এই মাসদ্বয়, বর্ষা ঋতুই রমণীয়, অনন্তর আগত আশ্বিন ও কার্ত্তিক এই মাসদ্বয়, শরৎ ঋতুই রমণীয়। মার্গশীর্ষ ও পৌষ এই মাসদ্বয়, হেমন্ত ঋতুই রমণীয়। মাঘ ও ফাল্গুণ এই মাসদ্বয়, শিশির ঋতুই রমণীয়* ॥ ২

* মূলে যদিও মাসের উল্লেখ নাই পরং সায়ণভাষ্যানুসারে কোন্ মাসে কোন্ ঋতু ? তাহা নির্ণীত হইল।

রাং টীং। সাং ভাং অং হইতে কিছুমাত্র বিভিন্ন নহে।

এতাবতা দেশ ভেদে, পাত্র ভেদে সকল ঋতুই রমণীয়, কেহই নিন্দনীয় নহে; সকল ঋতুই সেই পরম দেবতার মহিমা ব্যক্ত করিতেছে* ॥ ২

(৩২)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
সহস্রশীর্ষাঃপুরুষঃসহস্রাক্ষঃসহস্রপাৎ।
১র ২র ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১
সভূমিংসর্বতোবৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্ ॥ ৩

(ঋ০ ১০, ৯০, ১)

সাং ভাং। অথ তৃতীয়া। সর্ব্ব-প্রাণি-সমষ্টি-রূপো ব্রহ্মাণ্ড-দেহো বিরাড়াখ্যো যঃ পুরুষঃ, সোঽয়ং 'সহস্রশীর্ষাঃ' (সহস্র-শব্দস্যোপলক্ষণত্বাৎ) অনন্তৈঃ শিরোভির্যুক্তইত্যর্থঃ। যানি সর্ব্ব-প্রাণিনাং শিরাংসি তানি সর্ব্বাণি তদ্দেহান্তঃপাতিত্বাত্ত-দীয়ান্যেবেতি সহস্রশীর্ষত্বম্। এবং সহস্রাক্ষত্বং সহস্রপাদত্বং চ। স পুরুষো 'ভূমিং' ব্রহ্মাণ্ড-গোলক-রূপাং সর্বতঃ 'আ' সমন্তাৎ 'বৃত্বা' পরিবেষ্ট্য দশাঙ্গুলপরিমিতং দেশম্ 'অত্য-তিষ্ঠৎ' অতিক্রম্য ব্যবস্থিতঃ। দশাঙ্গুলমিত্যুপলক্ষণং ব্রহ্মাণ্ডাদ্বহিরপি সর্বতো ব্যাপ্যাবস্থিতইত্যর্থঃ ॥ ৩

* সকল ঋতুই সূর্য্যের গতি-অনুসারে সম্পন্ন হয়, অতএব প্রকৃতিউপাসক-দের মতে ইহাও সূর্য্যেরই স্তুতি।

সা০ ভা০ অ০। সেই পুরুষ—অনন্ত মস্তকবিশিষ্ট, অনন্ত চক্ষুবিশিষ্ট, ব্রহ্মাণ্ড-গোলকরূপা ভূমিকে সর্ব্বতঃ ব্যাপিয়া দশাঙ্গুল পরিমিত স্থান অতিক্রম করিয়া অধিষ্ঠিত আছেন। দশাঙ্গুল পদটী উপলক্ষণ মাত্র বস্তুত ব্রহ্মাণ্ডের বহির্দ্দেশেও সর্ব্বতঃ ব্যাপিয়া রহিয়াছেন॥

বা০ টী০। 'সহস্রশীর্ষাঃ' বহুমস্তক, 'সহস্রাক্ষঃ' বহুচক্ষু, 'সহস্রপাৎ' বহুপাদ, 'সঃ' সেই 'পুরুষ' দেবতা 'ভূমিং' এই পৃথিবীটি 'সর্ব্বতঃ' সর্ব্বপ্রকারে অর্থাৎ অন্তরে বাহিরে 'বৃত্বা' ব্যাপিয়া 'দশাঙ্গুলং' ব্রহ্মাণ্ডশরীর আশ্রয় করিয়া অতি অতিষ্ঠৎ' অতিশয় স্থিত রহিয়াছেন *। ৩

*এই মন্ত্রে তিনটী পদের অর্থ বিশেষ বিবেচনীয়। ১ম, 'পুরুষ'। আমার মতে এই পুরুষসূক্তের পুরুষ পদগুলি বেদান্তবেদ্য পরব্রহ্মের তৃতীয় অবস্থাবোধক। এই সূক্তেরই সপ্তম মন্ত্রে ব্যক্ত হইবে যে "তাঁহা (১) হইতে বিরাট্ (ব্রহ্মাণ্ড) (২) এবং সেই বিরাট্‌কে আশ্রয় করিয়া পুরুষ (৩)।" মনুতেও ইহাই আছে; অধিকন্তু তথায় সেই পুরুষকে "ব্রহ্মা" ও "সর্ব্বলোকপিতামহ" বলা হইয়াছে। প্রকৃতিবাদীরা বলেন এগুলিও সূর্য্যের নামান্তর। পৌরাণিক নারায়ণের ধ্যানবিশেষে 'সবিতৃ-মণ্ডল মধ্যবর্ত্তী নারায়ণ' বলিয়া ইনিই বর্ণিত হইয়াছেন। ২য়, 'দশাঙ্গুল'। এ পদটীর অর্থ সায়ণাচার্য্য প্রভৃতি আধুনিক পণ্ডিতগণ কেহই বুঝিতে পারেন নাই; প্রাচীন ব্যাখ্যাতৃবর্গের কোন ব্যাখ্যাও এ পর্য্যন্ত আমার চক্ষে পড়ে নাই; আমার আচার্য্য আমাকে এ বিষয়ে কি উপদেশ দিয়াছিলেন, তাহা আমার স্পষ্টতঃ স্মরণ নাই; আমার সমকালের (অল্পাধীতবিদ্য) বৈদিকগণের সায়ণ ভিন্ন গত্যন্তর নাই, তাহাও আমার সম্পাদিত সায়ণপুস্তকখানিই তাঁহাদের গতি। আমিও পূর্ব্বে ১৭৯২ শকে সামবিধান ব্রাহ্মণের নামসূচীর অনুবাদে একবার ইহার অনুবাদ করিয়াছি, অনন্তর ১৭৯৯ শকে এই অরণ্যসংহিতার সানুবাদ

(৩৩)

৩ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ত্রিপাদূর্দ্ধউদৈৎপুরুষঃপাদোস্যেহাভবৎপুনঃ।
৩ ১ ক ২র ৩ ২ ৩ ১
ততোবিষ্বঙ্ব্যক্রামদশনানশনেঅভি ॥ ৪

(ঋ০ ১০, ৯০, ৪)

প্রকাশ কালে ইহারই দ্বিতীয়বার অনুবাদ করিয়াছি, তৎপরে ১৭৯৯ শকে যজুঃসংহিতায় ইহারই তৃতীয়বার অনুবাদ করিয়াছি; পরং তৎসমস্ত অনুবাদই একণে আমার সন্তাপের কারণ হইয়াছে। সম্প্রতি এই পুরুষ দেবতাকে চিন্তা করিতে করিতে এই পুরুষদেবতার প্রসাদেই আমি এ পদটির যে অর্থ লাভ করিয়াছি তাহাই অনুবাদে প্রদর্শিত হইল। "এতং ত্যং হরিতো দশ (ঋ০ সং ৬, ৮, ১৮, ৩)" ও "দশাবনিভ্যঃ (ঋ০ সং ৮, ৪, ৩০, ২)" ইত্যাদি মন্ত্রের প্রকৃত অর্থ [অর্থাৎ টীকাকারগণের পাণ্ডিত্য বর্জ্জিত অর্থ] দেখিলেই স্পষ্ট বুঝা যায় যে অঙ্গুলি দ্বারা প্রদর্শনীয় দিঙমণ্ডলই এতাদৃশ স্থলে অঙ্গুলিপর্য্যায় শব্দের বাচ্য। যে যে স্থানে অবনি, যোক্ত্র হরিৎ প্রভৃতি অঙ্গুলিপর্য্যায় শব্দের সহিত দশ শব্দের যোগ আছে, তৎসমস্ত স্থলেই দশ দিক্ অর্থ স্পষ্ট প্রতিভাত হইয়া থাকে। এতদনুসারে এস্থলে দশদিক্‌বিশিষ্ট এই ব্রহ্মাণ্ডই দশাঙ্গুল শব্দের বোধ্য। ৩য়, 'অতি'। অতি শব্দের অতিক্রম অর্থও অপ্রসিদ্ধ নহে, তদনুযায়ী অর্থ করিতে হইলে "পুরুষ, ব্রহ্মাণ্ডকেও অতিক্রম করিয়া স্থায়ী" স্বীকার করিতে হয় সুতরাং এই সূক্তেরই সপ্তম মন্ত্রের সহিত স্পষ্ট বিরোধ হয়; এ মন্ত্রে পুরুষ শব্দে পরম পুরুষ অর্থাৎ পুরুষ নামে পরিচিত ব্রহ্মারও আদি পুরুষ 'পরব্রহ্ম' বুঝিতে হইবে এবং অপরত্র এই সূক্তেই সপ্তম মন্ত্রাদিতে পুরুষ শব্দে সেই পরমপুরুষের তৃতীয় পুরুষ ব্রহ্মাকে বুঝিতে হইবে, ইহাও সুসঙ্গত বোধ হয় না। বস্তুত বেদে অতি শব্দের অতিশয় অর্থই প্রবল; তাহাই যাস্ক-কৃত; মৎসম্পাদিত নিরুক্ত ২য় ভাগ ৪১ পৃ০ ১৭ প০ দেখ।

সা০ ভা০। অথ চতুর্থী। য়োঽয়ং 'ত্রিপাৎ পুরুষঃ' সংসার-স্পর্শ-রহিতঃ বহুলস্বরূপঃ সোঽয়ম্ 'ঊর্দ্ধ উদৈৎ' অস্মাদজ্ঞানকার্য্যাৎ সংসারাদ্বহির্ভূতঃ সন্ তত্রত্যৈগুণদোষৈরস্পৃষ্টঃ উৎকর্ষেণ স্থিতবান্। 'অস্য' য়োঽয়ং 'পাদঃ' লেশঃ, সোঽয়ম্ 'ইহ' মায়ায়াং 'পুনরভবৎ' সৃষ্টি-সংহারাভ্যাং পুনঃ পুনঃ রাগচ্ছদিতি (অস্য সর্ব্বস্য জগতঃ পরমাত্ম-লেশত্বং ভগবতাপ্যুক্তম্—"বিষ্টভ্যাহ মিদং কৃৎস্ন মেকাংশেন স্থিতে জগৎ" ইতি) 'তথা' মায়ায়া সাগত্য অনন্তরং 'বিষ্বঙ্' দেব-তির্য্যগাদি-রূপেণ বিবিধঃ সন্ 'ব্যক্রামৎ' ব্যাপ্তবান্ কিং কৃত্বা? 'অশনানশনে' 'অভি' লক্ষ্য অশনং ভোজনাদি-ব্যবহারোপেতং চেতনং প্রাণি-জাতম্, অনশনং তদ্রহিত-মচেতনং গিরি-নদ্যাদিকম্। তদুভয়থা য়থা স্যাত্তথা অয়মেব বিবিধো ভূত্বা ব্যাপ্তবানিত্যর্থঃ॥ ৪

সা০ ভা০ অ০। পূর্ণস্বরূপ ত্রিপাৎ পুরুষ, অজ্ঞান-কার্য্য সংসারের ঊর্দ্ধে অর্থাৎ বাহিরে আছেন; তাঁহারই কিঞ্চিদংশ এই সংসারে পুনঃ পুনঃ উৎপন্ন হইয়া থাকে এবং সেই টুকুই দেব, তির্য্যক্ প্রভৃতি চেতন ও অচেতন বিবিধ রূপে পরিব্যাপ্ত হইয়া রহিয়াছে॥ ৪

বা০ টী০। 'ত্রিপাদ্' পাদত্রয়বিশিষ্ট* 'পুরুষঃ' ব্রহ্মা, 'ঊর্দ্ধে' আমাদের মস্তকের দিকে 'উদৈৎ' উদয় হইয়া থাকেন।

* নিম্নোর্দ্ধমধ্য-লোকত্রয়ে ব্যাপনশীল পৌরুষ জ্যোতিঃসমুদয়কে সুতরাং তিন অংশে বিভক্ত করা যায়, এক এক অংশই এক এক পাদ: যেমন গায়ত্রী ছন্দ ত্রিপাদ।

'অশনানশনে' জড় ও চেতন উভয়বিধ সৃষ্টবস্তুই 'অভি' 'লক্ষ্য করিয়াই 'অস্য' এই পুরুষের 'পাদঃ' এক অংশ 'ইহ' এই পৃথিবীতে 'পুনঃ অভবৎ' পুনঃ পুনঃ অর্থাৎ প্রতিদিন প্রকাশ পায়; 'তথা' প্রকাশ পাইতে-পাইতেই 'বিষঙ্' সর্ব্বত্র সমানরূপে 'ব্যক্রামৎ' বিক্রম প্রকাশ করেন* ॥ ৪

(৩৪)

১২ ৩২উ ৩ ২ ৩ ২উ ৩ ১ ১
পূরুষএবেদংসর্বংয়দ্ভূতংয়চ্চভাব্যম্ ।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১
পাদোস্যসর্বাভূতানিত্রিপাদস্যামৃতন্দিবি ॥ ৫
(ঋ০ ১০, ৯০, ২)

সা০ ভা০। অথ পঞ্চমী। য়ৎ 'ইদং' বর্ত্তমানং জগৎ, তৎ 'সর্ব্বং' 'পুরুষএব'। 'য়দ্ভূতম্' উৎপন্নং জগৎ, 'য়চ্চ ভাব্যং' ভবিষ্যজ্জগৎ, তদপি পুরুষএব।' য়থাস্মিন্ কালে বর্ত্তমানাঃ প্রাণিনঃ সর্বেঽপি চরাচরাত্মকপুরুষস্যাবয়বাঃ, তথৈব গতাগামিনোরপি কল্পয়োর্দ্রষ্টব্য মিত্যভিপ্রায়ঃ। এতদেবো-ভয়ং স্পষ্টীক্রিয়তে,—'অস্য' পুরুষস্য 'সর্বাণি ভূতানি' কাল-ত্রয়-বর্ত্তীনি প্রাণি-জাতানি 'পাদঃ' চতুর্থোঽংশঃ। 'অস্য' পুরু-ষস্যাবশিষ্টং 'ত্রিপাৎ' স্বরূপম্ 'অমৃতং' 'বিনাশ-রহিতং'

* অর্থাৎ তমোজাল বিনাশ করেন। প্রকৃতিবাদীদের মতে সূর্য্যের ... বিক্রমের বর্ণনা বেদের অনেক মন্ত্রেই দেখা যায়॥

সৎ 'দিবি' দ্যোতনাত্মকে স্ব-প্রকাশ-স্বরূপে ব্যবতিষ্ঠতইতি শেষঃ। (যদ্যপি "সত্যং জ্ঞান্ মনন্তং ব্রহ্ম"—ইত্যনন্তস্য পরব্রহ্মণোহীয়দন্তত্বাভাবাৎ পাদচতুষ্টয়ং নিরূপয়িতু মশক্যং, তথাপি জগদিদং ব্রহ্মস্বরূপাপেক্ষয়া অল্পমিতি বিবক্ষিতত্বাৎ পাদত্বোপচারঃ ॥ ৫

সা৹ ভা৹ অ৹। এই যে বিদ্যমান জগৎ, এ সমস্তই সেই পুরুষ। উৎপন্ন জগৎ ও ভবিষ্যমান জগৎ, উভয়ই সেই পুরুষ। ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সমস্ত প্রাণীই তাঁহার চতুর্থ অংশে বুঝিতে হইবে; অপর অবিনাশী অংশত্রয়, দ্যোতনাত্মক স্ব-স্বরূপে বিদ্যমান আছে ॥ ৫

ব্যা৹ টী৹। 'পুরুষঃ এব' এই পুরুষই 'যদ্ ভূতং' যাহা হইয়াছে, 'যদ্ ভাব্যম্' যাহা হইবে 'ইদং সর্বং' এই সমস্ত সৃজন জগৎ করিতেছেন*। 'সর্বা ভূতানি' পৃথিবীস্থ সমস্ত পদার্থই 'অস্য ত্রিপাদস্য' এই ত্রিপাদ পুরুষের 'পাদঃ' এক

* যদিও এ মন্ত্রে কোন ক্রিয়াপদই দেখা যায় না। পরং ক্রিয়াপদ ব্যতীত বাক্য হইতেই পারে না অতএব একটী ক্রিয়াপদ অবশ্য অধ্যাহার করিতে হয়। মনুর মতানুসারে সেই পুরুষ-(ব্রহ্মা)-ই সমস্ত সৃজন করিয়া থাকেন এবং প্রকৃতিবাদীর মতেও সূর্য্যই সমস্ত বস্তুর উৎপত্তির প্রধান কারণ। অতএব সৃজন ক্রিয়াই অধ্যাহৃত হইল। পুরুষই এই সমস্ত আকারে পরিণত হন? বা পুরুষ, স্বীয় শরীর হইতে এই সমস্ত সৃজন করেন? ইহাতে মূলকথার কোন বিশেষ নাই; উহা দার্শনিক-মতভেদমাত্র।

অংশ কর্ত্তৃক সৃষ্ট হইতেছে*, ইহাঁর 'অমৃতং' ক্ষয়শূন্য মূল-স্বরূপ 'দিবি' দ্যুলোকে বিদ্যমান্ রহিয়াছে† ॥ ৫

(৩৫)

১ ২ ৩২উ ৩ ১ ২ ৩ ১ ২
তাবানস্যমহিমাততোজ্যায়াংশ্চপূরুষঃ।
৩ ১ ২ ৩১র ২র ৩ ১র ২র ৩ ১ ২
উতামৃতত্বস্যেশানোয়দন্নেনাতিরোহতি ॥ ৬

(ঋং ১০, ৯০, ৩,)

সা০ ভা০ ১ অথ ষষ্ঠী। অতীতানাগতবর্ত্তমান-রূপ-জগদাদ্যাধারো য়োঽস্তি 'তাবান্' সর্ব্বোপি 'অস্য' পুরুষস্য 'মহিমা' স্বকীয় সামর্থ্য-বিশেষঃ; ন তু তস্য বাস্তবং স্বরূপম্। বাস্তবস্তু 'পুরুষ:' 'ততো' মহিম্নোঽপি 'জ্যায়ান্' অতিশয়েনাধিকইত্যর্থ:। 'উত' অপিচ 'অমৃতত্বস্য' দেবত্বস্য 'অয়ম্ ঈশানঃ' স্বমায়য়া 'য়ৎ' য়স্মাৎ কারণাৎ 'অন্নেন' প্রাণিনাং ভোগ্যেন অন্নেন নিমিত্ত-ভূতেন 'অতিরোহতি' স্বকীয়াং কারণাবস্থা মতিক্রম্য পরিদৃশ্যমান-জগদবস্থাং প্রাপ্নোতি। তস্মাৎ প্রাণিনাং কর্ম্ম-ফল-ভোগায় জগদবস্থা-স্বীকারাৎ নেদন্তস্য বস্তুতত্ত্ব মিত্যর্থঃ ॥ ৬

* তিন পাদের এক পাদ পৃথিবীতে কার্য্য করে, দ্বিতীয় পাদ সেইরূপ অন্তরীক্ষে (মধ্যস্থানে) এবং তৃতীয় পাদ দ্যুলোকে অর্থাৎ উর্দ্ধতমপ্রদেশে।

† এ ক্রিয়াটিও অর্থানুসারে অধ্যাহৃত। এই জন্যই প্রকৃতিবাদী যাস্ক মহর্ষি বলেন "সূর্য্যো দ্যুস্থঃ" অর্থাৎ সূর্য্যের জ্যোতিঃ অংশত্রয়ে বিভক্ত হইয়া ত্রিলোকব্যাপী হইলেও তিনি নিজে দ্যুলোকে থাকেন দ্যুলোক ছাড়িয়া কুত্রাপি গমন করেন না।

সা০ ভা০ অ০। কালত্রয়বর্ত্তী জগতের আধারভাগ সমস্তও তাঁহার স্বকীয় সামর্থ্য বিশেষ; তাঁহার বাস্তব স্বরূপ নহে; বস্তুত পুরুষ, তাহা হইতে অনেক অধিক। এবং দেবত্বের ঈশ্বর ইনি, যেহেতু স্বীয় মায়াতে, প্রাণিগণের ভোগ্য অন্ননিমিত্তক স্বকীয় কারণাবস্থা অতিক্রম করিয়া দৃশ্যমান জগদবস্থা প্রাপ্ত হ'ন, অতএব ইহা তাঁহার বস্তুতত্ত্ব নহে ॥ ৬

বা০ টী০। 'তাবান্' (এতাবান্*) এটুকু অর্থাৎ পৃথিবীস্থ পাদমাত্র যাহা দেখিতেছ, ইহা 'অস্য' এই পুরুষের 'মহিমা' মাহাত্ম্যপ্রকাশক অংশ মাত্র। 'পুরুষঃ' 'ততঃ' (অতঃ†) ইহা অপেক্ষাও 'জ্যায়ান্' জ্যেষ্ঠ অর্থাৎ আরও লোকদ্বয়ে অংশদ্বয় আছে। 'যৎ' যেহেতু 'অন্নেন অতিরোহতি' প্রভৃতি অদনীয় বস্তুর সহিতই ইনি 'অতিরোহণ' করিয়া থাকেন অর্থাৎ জীবশরীরে সঞ্চারিত হইয়া থাকেন, 'উত' সেই জন্যই ইহাঁকে 'অমৃতত্বস্য ঈশানঃ' অমৃত ভাবের অধিপতি বলা যায়‡ ॥ ৬

*, † এ দু'টীই ঋক্‌সংহিতার পাঠ; এতদবলম্বনেই ব্যাখ্যা করা গেল।

‡ প্রকৃতিবাদীদের মতে সূর্য্যরশ্মিই জীবনরক্ষার প্রধান হেতু এবং সূর্য্যরশ্মিপ্রভাকেই জীবগণের বংশবৃদ্ধি হওআয় "আত্মা বৈ জায়তে পুত্রঃ" এই শ্রুত্যনুগত আত্মার অমরত্ব লাভ হয়। "যত্রা সুপর্ণা অমৃতস্য (ঋ০ সং ২, ৩, ১৮, ১)" মন্ত্রের ব্যাখ্যানকালে যাস্ক বলিয়াছেন "ঈশ্বরঃ সর্ব্বেষাং ভূতানাং গোপায়িতাদিত্যঃ"—ইত্যাদি মৎসম্পাদিত নিরুক্ত ২য় ভাগ ৩০২ পৃ০ দেখ।

(৩৭)

১ ২ ৩ ১ ২ ৩
মন্যেৱান্দ্যাৱাপৃথিৱীসুভোজসৌ

১র ২র ৩ ১ ২ ৩ ১র ২
য়েঅপ্রথেথামমিতমভিয়োজনম্।

১ ২ ৩ ১ ২ ৩ ১র
দ্যাৱাপৃথিৱীভৱতংস্যোনে

২র ৩ ১ ২
তেনোমুঞ্চতমংহসঃ (ঋ০ ১০, ১২৮, ৩)॥ ৮

সা০ ভা০। অথ অষ্টমী। মন্যেৱামিতি পঞ্চর্চো ৱামদেৱেন ৱীক্ষিতাঃ। অত্রাদ্যেকান্তিমে চ দ্বে ত্রিষ্টভস্তাসু চাদিমা। উপরিষ্টাজ্জ্যোতিরিতি বৃহদ্ৱৈচক্ৰ পরিধীয়তে। অন্যে অনুষ্টুভৌ দ্যাৱা-প[illegible] তথা। দ্বিতীয়ৈন্দ্রী চতুর্থী চ তৃতীয়াশীর্নিজাত্মনঃ। স্তুতির্গৱা মন্তিমেতি ছন্দোদৈৱত–নির্ণয়ঃ॥ হে 'দ্যাৱাপৃথিৱী' দ্যাৱাপৃথিৱ্যৌ 'ৱাং' যুৱাং 'সুভোজসৌ' শোভনপালয়িত্র্যাৱিতি 'মন্যে' অহং জানামি। হে দ্যাৱাপৃথিৱ্যৌ! 'অমিতম্' অপরিমিতং 'য়োজনং' যুজ্যতে পুরুষোহনেনেতি য়োজনং ধনাদি তৎ 'অভ্যপ্রথেথাম্' অভিৱিস্তারয়তম্। হে 'দ্যাৱাপৃথিৱী' দ্যাৱাপৃথিৱ্যৌ! যুৱাম্ অস্মাকং 'স্যোনে' সুখরূপে সুখকার্য্যে 'ভৱ' 'তে' দ্যাৱাপৃথিৱ্যৌ 'নঃ' অস্মান 'অংহসঃ' পাপাৎ 'মুঞ্চতং' মোচয়তম্॥ ৮

স্বা০ ভা০ অ০। হে দ্যাবাপৃথিবী! আমি তোমাদিগকে আমাদের সুন্দররূপে পালয়িতা বলিয়া মান্য করি; অপরিমিত ধনাদি বিস্তার করণ হে দ্যাবাপৃথিবী! তোমরা আমাদের সুখকর হও; আমাদিগকে পাপ হইতে মুক্ত কর॥ ৮

বা০ টী০। 'যে' 'দ্যাবাপৃথিবী'* 'অমিতং' অপরিমিত 'য়োজনং' পরস্পর-যোগ-শক্তি অর্থাৎ আকর্ষণ† 'অভি-অপ্রথেথাং' সর্ব্বত্র বিস্তারিত করিয়া রাখিয়াছেন, 'তে' তাহাদিগকে সেইহেতুই 'সুভোজসৌ' আমাদের সুন্দর পালয়িতা (মাতৃ-পিতৃস্বরূপ) বলিয়া মানি। হে 'দ্যাবা-পৃথিবী!' 'স্যোনে' কল্যাণ কর 'ভবতং' হও! 'নঃ' আমা-দিগকে 'অংহসঃ' পাপ হইতে 'মুঞ্চতং' মুক্ত কর॥ ৮

(৩৮)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
হরীতইন্দ্রশ্মশ্রূণ্যুতোতেহরিতৌহরী।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
তস্ত্বাস্তুবন্তিকবয়ঃপরুষাসোবনর্গবঃ॥ ৯

---

* দ্যাবাপৃথিবী বলিতে দ্যুলোক হইতে ভূলোক সমস্ত ব্রহ্মাণ্ড, যাহাকে ঈশ্বরের বিরাট্‌স্বরূপ বলা যায়, তাহাই বুঝিতে হয় সুতরাং এ মন্ত্রেও সেই পুরুষেরই স্তুতি হইল, যেহেতু ইহারই পূর্ব্বমন্ত্রে এই দ্যাবাপৃথিবীই সেই পুরুষের শরীর বলিয়া বর্ণিত হইয়াছে।

† পাঠকগণ দেখুন!— কতকাল পূর্ব্বে, যোজন—আকর্ষণ অবগত ছিল?

(৩৭)

১ ২ ৩ ১ ২ ৩
মনোব্বান্দ্যাব্বাপৃথিব্বীসুভোজসৌ
১র ২র ৩ ১ ২ ৩ ১র ২
য়েঅপ্রথেথামমিতমভিয়োজনম্।
১ ২ ৩ ১ ২ ৩ ১র
দ্যাব্বাপৃথিব্বীভবতংস্যোনে
২র ৩ ১ ২
তেনোমুঞ্চতমংহসঃ (ঋ০ ১০, ১২৮, ৩)॥ ৮

সা০ ভা০। অথ অষ্টমী। মনোব্বামিতি পঞ্চর্চো বামদেবেন বীক্ষিতাঃ। অত্রাদ্যেকান্তিমে চ দ্বে ত্রিষ্টুভস্তাসু চাদিমা। উপরিষ্টাজ্জ্যোতিরিতি বৃহস্পতিৈরব বিধীয়তে। অন্যে অনুষ্টুভৌ দ্যাব্বা-পৃথিব্যাঃ প্রথমা তথা। দ্বিতীয়ৈন্দ্রী চতুর্থী চ তৃতীয়াশীর্ব্বিজাত্মনঃ। স্তুতির্গবা মন্ত্রিমেতি ছন্দোদৈবত-নির্ণয়ঃ॥ হে 'দ্যাব্বাপৃথিব্বী' দ্যাব্বাপৃথিব্যৌ 'বাং' যুবাং 'সুভোজসৌ' শোভনপালয়িত্র্যাবিতি 'মন্যে' অহং জানামি। হে দ্যাব্বাপৃথিব্যৌ! 'অমিতম্' অপরিমিতং 'য়োজনং' যুজ্যতে পুরুষোঽনেনেতি য়োজনং ধনাদি তৎ 'অভ্যপ্রথেথাম্' অভিবিস্তারয়তম্। হে 'দ্যাব্বাপৃথিব্বী' দ্যাব্বাপৃথিব্যৌ! যুবাম্ অস্মাকং 'স্যোনে' সুখরূপে সুখকার্য্যে 'ভব' 'তে' দ্যাব্বাপৃথিব্যৌ 'নঃ' অস্মান্ 'অংহসঃ' পাপাৎ 'মুঞ্চতং' মোচয়তম্॥ ৮

স্বা॰ ভা॰ অ॰। হে দ্যাবাপৃথিবী! আমি তোমাদিগকে আমাদের সুন্দররূপে পালয়িতা বলিয়া মান্য করি; অপরিমিত ধনাদি বিস্তার কর। হে দ্যাবাপৃথিবী! তোমরা আমাদের সুখকর হও; আমাদিগকে পাপ হইতে মুক্ত কর॥ ৮

বা॰ টী॰। 'যে' 'দ্যাবাপৃথিবী'* 'অমিতং' অপরিমিত 'য়োজনং' পরস্পর-যোগ-শক্তি অর্থাৎ আকর্ষণ† 'অভি-অপ্রথেথাং' সর্ব্বত্র বিস্তারিত করিয়া রাখিয়াছেন, 'তে' তাহাদিগকে সেইহেতুই 'সুভোজসৌ' আমাদের সুন্দর পালয়িতা (মাতৃ-পিতৃস্বরূপ) বলিয়া মানি। হে 'দ্যাবা-পৃথিবী!' 'স্যোনে' কল্যাণ কর 'ভবতং' হও! 'নঃ' আমা-দিগকে 'অংহসঃ' পাপ হইতে 'মুঞ্চতং' মুক্ত কর॥ ৮

(৩৮)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
হরীতইন্দ্রশ্মশ্রূণ্যুতোতেহরিতৌহরী।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
তন্ত্বাস্তুবন্তিকবয়ঃপরুষাসোবনর্গবঃ॥ ৯

---

* দ্যাবাপৃথিবী বলিতে দ্যুলোক হইতে ভূলোক সমস্ত ব্রহ্মাণ্ড, যাহাকে ঈশ্বরের বিরাট্‌স্বরূপ বলা যায়, তাহাই বুঝিতে হয় সুতরাং এ মন্ত্রেও সেই পুরুষেরই স্তুতি হইল, যেহেতু ইহারই পূর্ব্বমন্ত্রে এই দ্যাবাপৃথিবীই সেই পুরুষের শরীর বলিয়া বর্ণিত হইয়াছে।

† পাঠকগণ দেখুন!— কতকাল পূর্ব্বে, যোজন—আকর্ষণ অবগত ছিল?

সা০ ভা০। অথ নবমী। হে 'ইন্দ্র' 'তে' তব 'শ্মশ্রূণি' হরিতঃ সোমপানেন হরিদ্বর্ণানি (তথাচ শ্রূয়তে—"ইন্দ্রঃ শ্মশ্রূণি হরিতাভিপ্রুষ্ণুত" ইতি। "শেশ্ছন্দসি বহুলম্" ইতি হরিতশব্দাৎ পরস্য শেলুক)। 'উতো' অপিচ। 'তে' 'হরী' অশ্বৌ "হরিতৌ' হরিদ্বর্ণৌ। 'কবয়ঃ' মেধাবিনঃ 'পরুষাসঃ' পুরুষাঃ 'বনর্গবঃ' বননীয়াঃ সম্ভজনীয়াঃ সেবনীয়া গাবো যেষাং তে বনর্গবঃ (মধ্যরেফশ্ছান্দসঃ। গোস্ত্রিয়োরিতি হ্রস্বত্বম্) তাদৃশঃ কবয়ঃ তং 'ত্বা' ত্বাং স্তুবন্তি ॥ ৯

সা০ ভা০ অ০। হে ইন্দ্র! সোমপান করিয়া করিয়া সেই সোমেরই বর্ণে তোমার সমস্ত শ্মশ্রু রঞ্জিত হওআয় হরিদ্বর্ণ হইয়াছে এবং তোমার হরি নামক অশ্বদ্বয়ও হরিদ্বর্ণ। সুন্দর গোধন বিশিষ্ট মেধাবী পুরুষগণ তোমাকে সেই রূপেই স্তব করেন ॥ ৯

বা০ টী০। হে 'ইন্দ্র!' বিরাট্‌-শরীরে আশ্রিত পুরুষ! 'হরিতঃ' দশদিক্‌কে* 'তে' তোমার 'শ্মশ্রূণি' শ্মশ্রুরূপে 'উত' এবং 'হরিতৌ' ধ্বংসহরণশীল ত্বদীয় অঙ্গুলিদ্বয়কে† 'হরী' ত্বদীয় অশ্বরূপে কল্পনা করত 'বনর্গবঃ বনচারী 'কবয়ঃ পরুষাসঃ' কবি পুরুষগণ 'তং' সেই পূর্ব্ব-পরিচিত 'ত্বা' তোমাকে 'স্তুবন্তি' স্তব করেন‡ ॥ ৯

*, † বেদে 'হরিৎ' শব্দে দিক্‌, নদী, সূর্য্যের বাহন ও অঙ্গুলি বুঝিতে হয়। মৎসম্পাদিত নিরুক্ত ১ম ভাগ ৪২, ১৩৬, ১৫৪ ও ১৯৫ পৃষ্ঠা দেখ।

(৩৯)

২ ৩ ১২ ৩২৩ ২ ৩১ ২৩২
যদ্বর্চোহিরণ্যস্যযদ্বাবর্চোগবামুত।
৩২ ৩ ১২ ৩ ২৩১ ২৩১ ২
সত্যস্যব্রহ্মণোবর্চস্তেনমাসংসৃজামসি ॥ ১০

সা০ ভা০। অথ দশমী। 'হিরণ্যস্য' হিত-রমণীয়স্য এতন্নামকস্য 'যদ্বর্চঃ' তেজোঽস্তি। 'যদ্বা' অপিচ। 'গবাম্' এতন্নামকানাং 'যদ্বর্চঃ' তেজোঽস্তি। 'উত' অপিচ। 'সত্যস্য'

‡ প্রকৃতিবাদীদের মতে সূর্য্যই বিরাট্-অধিষ্ঠিত পুরুষ, সূর্য্যের রশ্মি-ছটা দশ দিক্ পরিব্যাপ্ত হইলে তাহাই সূর্য্যের গোঁপদাড়িরূপে কবিগণ কর্ত্তৃক বর্ণিত হইয়া থাকে এবং দ্যুস্থ সূর্য্যকে ভূলোকে বহন করিবার জন্য দুইটী অশ্ব আছে; একটী জলে, অপরটি স্থলে, বহন করিয়া থাকে অর্থাৎ এক অংশ রশ্মি, জলের সহিত সূর্য্যের স্পর্শ সম্পাদন করে এবং অপর অংশ রশ্মি, স্থলের সহিত সূর্য্যের স্পর্শ সম্পাদন করে, এই জন্যই ইহাদিগকে সূর্য্যের বাহন কহা যায় এবং ইহারা জলীয় ও স্থলীয় রস হরণ করিয়া থাকে বলিয়াই ইহাদিগকে 'হরি' সংজ্ঞা দেওয়া হইয়াছে। কবিগণ এই মন্ত্রে এই অশ্বদ্বয়কে অঙ্গুলিদ্বয় রূপেও বর্ণনা করিয়াছেন অর্থাৎ অঙ্গুলির দ্বারা যেরূপ কোন বস্তু স্পর্শ করা যায়, সূর্য্যও দ্যুলোকে থাকিয়া স্বীয় এক অঙ্গুলির দ্বারা ভূলোকের জলভাগ ও অপর অঙ্গুলির দ্বারা ভূলোকের স্থলভাগ স্পর্শ করিতেছেন এবং যেরূপ আমরা অঙ্গুলির দ্বারা কোন বস্তু গ্রহণ করি, সূর্য্যও সেইরূপ এক অঙ্গুলির দ্বারা জলীয় রস ও অপর অঙ্গুলির দ্বারা স্থলীয় রস গ্রহণ করিতেছেন।

সর্ব্বৈঃ সম্মতস্য 'ব্রহ্মণঃ' যদ্বর্চোহস্তি। 'তেন' তৈঃ 'মা' 'সংস্থজামসি' সম্পাদয়ামঃ। ধনবন্তঃ, পশুমন্তঃ, শ্রোত্রিয়াশ্চ ভবেমেতি তাৎপর্য্যার্থঃ ॥ ১০

সা০ ভা০ অ০। হিতরমণীয় সুবর্ণের তেজ এবং গোধনের তেজ এবং সর্ব্বসম্মত বেদাধ্যয়নের তেজ; তৎসমস্ত দ্বারা আমরা যেন আপনাকে সম্পন্ন করিতে সমর্থ হই! অর্থাৎ আমরা যেন ধনবান, পশুমান ও শ্রোত্রিয় হই! ১০

বা০ টী০। 'হিরণ্যস্য' হিতরমণীয় বিরাট্‌-স্বরূপের 'যদ্ বর্চ্চঃ' যে তেজ, 'বা' অথবা 'গবাং যদ্ বর্চ্চঃ' ঐ বিরাট্‌-স্বরূপে অধিষ্ঠিত পুরুষের রশ্মি সমূহের যে তেজ, 'উত' অথবা 'সত্যস্য ব্রহ্মণঃ' সত্যস্বরূপ একমাত্র ব্রহ্মের 'বর্চ্চঃ' তেজ; 'তেন' তাহাতেই 'মা' আপনাকে 'সংস্থজামসি' আমরা 'আপনিই' স্থজন করিতেছি।

অর্থাৎ পুত্র-পৌত্রাদিরূপে বংশপরম্পরাক্রমে বৃদ্ধি প্রাপ্ত হইতেছি * ॥ ১০

* এই মন্ত্রে 'অথবা' পদদ্বয় ব্যবহৃত থাকায় ব্রহ্ম, ব্রহ্ম হইতে উৎপন্ন বিরাট্‌ ও বিরাট্‌-অধিষ্ঠিত পুরুষ, এই ত্রিতত্ত্বের একতা বোধিত হইল। একমাত্র অবিকৃত ব্রহ্মেরই 'সত্যস্বরূপ' বিশেষণ থাকায় অপর সমস্তেরই বিকৃততা হেতুক অসত্য স্বরূপ, ইহাও অবোধিত থাকিল না। আরও "আত্মা বৈ জায়তে পুত্রঃ" অর্থাৎ জীব আপনিই পুত্ররূপে উৎপন্ন হয় এবং "তদ্ধি জায়ায়া জায়াত্বং" অর্থাৎ যেহেতু জীব, স্ত্রীর গর্ভে স্বয়ং জন্ম গ্রহণ করে অতএব পুত্রবতী স্ত্রীকে 'জায়া' কহে; এই ব্রাহ্মণোক্ত প্রবাদদ্বয়েরও মূল

(৪০)

৩ ১ ২৮ ৩ ২ ৩ ২ ক২র ৩ ১ ২
সহস্তন্নইন্দ্রদধ্যোজঈশেহ্যস্যমহতোবিরপ্‌শিন্।
৩ ২ ৩ ১ র ২র ৩ ১ ২ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ক্রতুন্ননৃম্ণংস্থবিরঞ্চবাজংবৃত্রেষুশত্রূংৎসুহনাকৃধীনঃ॥ ১১

সা০ ভা০। অথৈকাদশী। হে 'বিরপ্‌শিন্' বিশেষেণ রপণং ব্যক্তবচনং তদস্যাস্তীতি বিরপ্‌শী। তস্য সম্বোধনং হে বিরপ্‌শিন্! বিশেষেণ স্তোত্রবিষয়ে সত্যবাক্য! 'ইন্দ্র!' 'তে' তব 'সহঃ' শত্রূণামভিভবমরূপম্ 'ওজঃ' বলং 'নঃ' অস্মভ্যং 'দদ্ধি' দেহি (দদাতেশ্ছান্দসং রূপং লোটি হের্দ্ধিভাবাদিনা)। যস্মাত্ত্বং 'তস্য 'অস্য' 'মহতঃ' বলস্য 'ঈশে' ঈশ্বরো ভবসি, অতো হে ইন্দ্র! 'নঃ' অস্মাকং 'ক্রতুং ন' যজ্ঞমিব 'নৃম্ণং' ধনং 'স্থবিরম্' অতিশয়েন প্রবৃদ্ধং 'বাজং' বলং চ 'কৃধি' কুরু। কিঞ্চ 'নঃ' অস্মাকং 'শত্রূন্' 'বৃত্রেষু' আবরকেষূপায়েষু 'সুহনা' বিনষ্টান্ 'কৃধি' কুরু॥ ১১

এ মন্ত্রে পাওয়া গেল। অধিকন্তু; পিতা, পুত্রের সৃজন কর্ত্তা হইলেও তাহাতে পৌরুষ রশ্মি ও পুরুষাধিষ্ঠান বিরাট্ নামে পরিচিত ব্রহ্মাণ্ডেরও কারণতা আছে এবং সত্যস্বরূপ ব্রহ্মই সর্ব্বমূলে রহিয়াছেন, ইহাও অবিদিত থাকিল না। অব্যক্তস্বরূপ ব্রহ্মেরই ব্যক্তস্বরূপ, পুরুষ বা ব্রহ্মার সত্তাতে ভিন্ন ভিন্ন প্রকৃতি, ভিন্ন ভিন্ন বস্তু সৃজন করিতেছেন, ইহাই সৃষ্টিক্রিয়ার মূল তত্ত্ব।

সা০ ভা০ অ০। হে ব্যক্তভাষিন্! ইন্দ্র! শত্রু-অভিভবনকারী ত্বদীয় বল আমাদিগকে প্রদান কর। তুমি যেহেতু এই বলের ঈশ্বর অতএব আমাদের যজ্ঞ সম্পাদনের উপযুক্ত ধন ও প্রবৃদ্ধ বল প্রদান কর এবং আমাদের শত্রুগণকে তম-আদিতে আচ্ছন্ন করিয়া বিনষ্ট কর॥ ১১

বা০ টী০। 'হে বিরপ্শিন্' ব্যক্তস্বরূপ! 'ইন্দ্র' বিরাট্-অধিষ্ঠিত পুরুষ! 'হি' যেহেতু 'ত্বং' তুমি 'অস্য মহতঃ' ব্রহ্মাণ্ডরূপ এই মহৎস্বরূপের 'ঈশে' অধিপতি, অতএব তোমারই নিকটে প্রার্থনা করি,— 'নঃ' আমাদিগকে 'সহঃ' শারীরবল এবং 'ওজঃ' আন্তরিক বল 'দদ্ধি' প্রদান কর। 'নঃ' আমাদের 'স্থবিরং ক্রতুং ন' বৃদ্ধ (সঞ্চিত) কর্ম্মানুসারেই 'নৃম্ণং' বল, 'বাজং' অন্ন 'চ' এবং 'শত্রূন্' শত্রুসমগুলির ও 'বৃত্রেষু' বুদ্ধির আবরক বিপৎসমূহের 'হন্তা' বিনাশ 'কৃধি' সাধন কর।

অর্থাৎ যদিও আমাদের কর্ম্মানুসারেই আমরা সুখ দুঃখ ভোগ করিয়া থাকি, তথাপি তোমার দ্বারাতেই যেহেতু তৎসমস্ত লাভ করা যায় অতএব তোমাকেই তৎসমস্তের অধিনায়ক বলিয়া থাকি এবং তোমার নিকটে প্রার্থনা করিয়া থাকি*। ১১

* জীবের কর্ম্মানুসারে, পুরুষ কর্ত্তৃক সৃষ্টি।—মনুর প্রথমাধ্যায় দেখ।

(৪১)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
সহর্ষভাঃসহবৎসাউদেতবিশ্বারূপাণিবিভ্রতীদ্ব্যূধ্নীঃ।
৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ১ ২ ১ ৩ ২ ৩ ১ ২
উরুঃপৃথুরয়ংবোঅস্তুলোকইমাআপঃসুপ্রপাণাইহস্ত ॥ ১২॥

সা° ভা°। অথ দ্বাদশী। হে "সহর্ষভাঃ" বৃষভৈঃ সহিতাঃ, "সহবৎসাঃ" বৎসৈঃ সহিতাঃ, গাবঃ "দ্ব্যূধ্নীঃ" সায়ং প্রাতঃ কালে দ্বিবিধান্যূধাংসি যাসাং তা দ্ব্যূধ্নীঃ দ্ব্যূধ্নাঃ, "বিশ্বা" সর্বাণি নানা "রূপাণি" "বিভ্রতীঃ" বিভ্রত্যঃ যূয়ম্ "উদেত" "উদগচ্ছত সমৃদ্ধাঃ সত্যঃ আগচ্ছত। কিঞ্চ। "উরুঃ" বহুঃ "পৃথুঃ" বিস্তীর্ণঃ (উরুঃ পৃথুরিতি শব্দাভ্যাম্ আয়াম-বিস্তারৌ উচ্যেতে)। "অয়ং লোকঃ" "বঃ" যুষ্মাকম্ "অস্তু" ভবতু। "ইমা আপঃ" "ইহ" লোকে ভূতলে অস্মিন্ স্থানে "সুপ্রপাণাঃ" সুখেন প্রকর্ষেণ পাতুং যোগ্যাঃ সন্তু। তস্মাদিহ প্রহ্বীভূতাঃ "স্ত" ভবত উপবিশতেতি পূর্বেণ সম্বন্ধঃ ॥ ১২

সা° ভা° অ°। বৃষভদলের সহিত এবং বৎসগণের সহিত, নানারূপ ধারিণী, সায়ং ও প্রাতঃ দুগ্ধদায়িনী গাভীসকল তোমরা সমাগত হও। দীর্ঘ ও প্রশস্ত এই লোক তোমাদের (গাভীদের) হউক। এই ভূতলে এই জল সমূহ, তোমাদের (গাভীদের) সুন্দর পানের যোগ্য হউক। ১২

বা° টী°। "বিশ্বারূপাণি বিভ্রতীঃ" বিবিধ বর্ণের ধারয়িত্রী, "দ্ব্যূধ্নীঃ" দ্বিবিধ ঊধঃ (দুগ্ধাধার স্তন) বিশিষ্টা, গাভী সকল, সহর্ষভাঃ ঋষভ (গো-স্বামী) সহ এবং "সহবৎসাঃ" বৎস

(গো—সমুৎপন্ন) সহ 'উদেত' উদিত হইতেছেন (অর্থাৎ বহু বর্ণের নিদান, কিরণাবলি*, স্বামী=সূর্য্য ও বৎস=মেঘসমূহ, ইহাদের সহিত উদিত হইয়া থাকেন এবং এক কালেই ভূভাগের নিম্নে শীতল জ্যোৎস্না ও উপরে প্রচণ্ড রৌদ্র রূপ, দ্বিবিধ দুগ্ধ সিঞ্চন করিতে থাকেন)। ইহাতেই 'অয়ং উরুঃ লোকঃ' এই বিস্তীর্ণ ভূলোক 'পৃথুঃ' সুদৃঢ় 'অস্তু' হইয়া থাকে এবং 'ইহ' পৃথিবীতে 'ইমাঃ আপঃ' এই জলসমূহ 'সুপ্রপ্যাণাঃ' সুন্দর প্যানের উপযুক্ত হইয়া থাকে†।

অর্থাৎ ভূমির দৃঢ়তা ও জলের নির্দুষ্টতা সূর্য্যরশ্মিদ্বারাই সম্পন্ন হইয়া থাকে। এতাবতা রশ্মির অধিপতি, সেই পুরুষেরই স্তুতি করা হইল॥ ১২

॥ ইতি চতুর্থো দশৎ ॥ ৪ ॥

(পুরুষসূক্তং সমাপ্তম্ ‡)

---

* গোশব্দে 'কিরণ' নিঘণ্ট প্রথমাধ্যায়ের পঞ্চম খণ্ড দেখ। সূর্য্যরশ্মিই যে বিবিধ বর্ণের নিদান, তাহা বৈজ্ঞানিক মাত্রেই অবগত আছেন।

† এই মন্ত্রে সূর্য্যের রশ্মিসমূহকে গাভীবৃন্দরূপে বর্ণনা করা হইয়াছে এবং তাহাদের বিবিধ বর্ণ ও দ্বিবিধ স্তন স্বীকার করা হইয়াছে, আরও এই গাভীদের সমাগম-ফলেই ভূভাগের দৃঢ়তা ও জলের দোষশূন্যতাও বর্ণিত হইয়াছে। এরূপ কবিত্বও কি বিজ্ঞানগর্ভিত নহে? ইহাতেও কি বৈদিককালে বৈজ্ঞানিকত্বের অভাব ছিল, বলিতে বাক্‌রোধ হয় না?

‡ এই সূক্তাবলম্বনে অরণ্যগানে যে সামগুলি গীত হইয়াছে, সে গুলিকে সাধারণতঃ "পুরুষব্রত" সাম কহে।

(৪২)

২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
অগ্ন আয়ূংষিপবস আসুবোর্জমিষঞ্চনঃ।
৩ ১২ ৩ ১ ২
আরেবাধস্বদুচ্ছুনাম্ (খা০ ৯, ৬৬, ১৯)॥ ১॥

সাং ভাং। অথ পঞ্চমখণ্ডে—সৈষা প্রথমা। চতুর্দ্দশাগ্ন-আয়ূংষীত্যাদ্যাস্তত্র জগত্যসৌ। বিভ্রাট্ ত্রিষ্টুপ্ চিত্রমিতি গায়ত্র্যো দ্বাদশোত্তরাঃ। আদ্যাগ্নেঃ পবমানস্য স্তুতিঃ সৌর্য্যাস্ত্রয়োদশ। ঋষীণাং বিপ্রকীর্ণত্বাত্তত্রতত্রাভিদধ্মহে। শতং বৈখানসা এবং দৃষ্টবন্তো মহর্ষয়ঃ॥ হে 'অগ্নে' পবমানরূপ! অস্মাকমায়ূংষি অন্নানোতন্নামকানি বা 'পবসে' করসি। 'নঃ' অস্মাকম্ 'ঊর্জম্' অন্নরসম্, 'ইষম্' অন্নং চ 'আসুব' আভিমুখ্যেন প্রেরয়। কিঞ্চ। 'দুচ্ছুনাং' (রক্ষোনামৈতৎ) রক্ষাংসি 'আরে' অস্মত্তো দূরে এব 'বাধস্ব' সম্পীড়য়॥ ১

সা০ ভা০ অ০। হে পবমানরূপ অগ্নে!, আমাদের আয়ুঃসমূহ ক্ষরিত কর। আমাদের অন্নরস ও অন্ন প্রেরণ কর। এবং রক্ষোগণকে* আমাদিগ হইতে দূরে দূরেই পীড়ন কর॥ ১

* মূলে 'দুচ্ছুনাং' স্ত্রীলিঙ্গ ও একবচনান্ত আছে, সায়ণাচার্য্য 'রক্ষাংসি' অর্থাৎ রক্ষোগণ এই ক্লীবলিঙ্গ বহুবচনান্ত প্রতিশব্দ দিয়াছেন; ইহা সুসঙ্গত বোধ হয় না প্রত্যুত 'দুচ্ছুনাং' পদের প্রতিশব্দ 'রাক্ষসীং' হইতে পারিত এবং তাহা হইতে দুর্ভিক্ষ-রাক্ষসী আমরা বুঝিতে পারিতাম। দুচ্ছুনা="দুর্+শুনা" দুর্ ও নির্ এ উভয়ই যাস্কমতে একার্থ এবং নিঘণ্ট

বা০ টী০। হে "অগ্নে!" * 'নঃ' আমাদের 'আয়ূংষি' পরমায়ু 'পবসে' গমন করাইতেছ †, 'ইষ' অন্ন, 'চ' ও 'ঊর্জ্জ' জল 'আসুব' প্রেরণ কর, 'যাহাতে 'দুচ্ছুনা' দুর্ভিক্ষপীড়া 'আরে' দূরে দূরেই 'বাধস্ব' বাধা প্রাপ্ত হউক ‡।

অর্থাৎ তোমার প্রসাদেই সমুৎপন্ন অন্ন জল ভোগ করত আমাদের আয়ুষ্কাল অতিবাহিত হইতেছে এবং দুর্ভিক্ষাভাবও তোমারই অনুকম্পার ফল। ১

(৪৩)

৩ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বিভ্রাড়্বৃহৎপিবতুসোম্যম্মধ্বায়ুর্দ্দধদ্যজ্ঞপতারবিহ্রুতম্।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র
ব্বাতজূতোয়োঅভিরক্ষতিত্মনাপ্রজাঃপিপর্ত্তিবহুধাব্বিরাজতি॥ ২

(ঋ০ ১০, ১৭০, ১)

* কোষে শুনা শব্দে সুখ নির্ণীত হইয়াছে অতএব দুচ্ছুনা শব্দের প্রকৃত প্রতিশব্দ 'নিঃসুখ' অর্থাৎ যাহাতে সুখ নাই সুতরাং যাহা দুঃখের আকর, তাহাকেই দুচ্ছুনা কহে; এতদনুযায়ীই এস্থলে দুচ্ছুনার অর্থ দুর্ভিক্ষ অনুমিত হওয়াই সম্ভবপর এবং দুর্ভিক্ষের মুখব্যাদানে অনেক প্রাণী বিনষ্ট হয় বলিয়া তাহাকে রাক্ষসী বলিয়া বর্ণনা করিলেও অসঙ্গত হয় না।

* পরব্রহ্মকেও অগ্নি বলা যায় এবং সূর্য্যকেও অগ্নি বলা যায়।

† সূর্য্যের উদয়াস্ত অনুসারেই কাল পরিমিত হইয়া থাকে সুতরাং জানা যায় প্রতিদিবসই এক এক অংশ পরমায়ু গত হইতেছে।

‡ সূর্য্যের তাপদান ও রসহরণ অনুসারেই বর্ষাদি হইয়া থাকে এবং তদনুযায়ীই অন্ন, জল বা দুর্ভিক্ষ আমরা ভোগ করিয়া থাকি।

সা° ভা°। অথ-দ্বিতীয়া। বিভ্রাণ্‌নামক এতাং তু সূর্য্য-পুত্রো দদর্শ সঃ।। 'বিভ্রাট্' বিভ্রাজমানঃ বিশেষণ দীপ্যমানঃ সূর্য্যঃ 'বৃহৎ' পরিবৃঢ়ং 'সোম্যং' সোমময়ং 'মধু' 'পিবতু'। কিং কুর্ব্বন্? 'যজ্ঞপতৌ' যজমানে 'অবিহ্রুতম্' অকুটিলম্, অকণ্টকম্ 'আয়ুর্দধৎ' অন্নং বা কুর্ব্বন্। 'যঃ' সূর্য্যো, 'বাতজূতঃ' বাতেন বায়ুনা প্রের্য্যমাণঃ সন্, 'ত্মনা' আত্মনা স্বয়মেব 'অভিরক্ষতি' সর্ব্বং জগদভিমৃশন্ পালয়তি। রাশি-চক্রস্য বায়ু-প্রের্য্যত্বাৎ সূর্য্যস্যাপি তৎপ্রের্য্যত্বম্। স সূর্য্যঃ 'প্রজাঃ' 'পিপর্ত্তি' বৃষ্ট্যাদি-প্রদানেন পূরয়তি পালয়তি বা। 'বহুধা' 'বিরাজতি' বিশেষণ দীপ্যতে চ॥ "পিপর্ত্তি"—"পুপোষ" ইতি,—"বহুধা"—"পুরুধা"—ইতি চ পাঠৌ॥ ২

সা° ভা° অ°। বিশেষরূপে দীপ্যমান সূর্য্য, যজমানকে অকণ্টক পরমায়ু বা অন্ন প্রদান করত অধিক মাত্রায় সোমময় মধু পান করুন। যে সূর্য্য, বায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া* স্বয়ং সমস্ত জগৎ পালন করিতেছেন, তিনিই বৃষ্ট্যাদি প্রদান দ্বারা প্রজাবর্গকে পূরণ বা পালন করিতেছেন, তিনি বহুধা বিশেষরূপে দীপ্তি পাইতেছেন॥ ২

* "সমগ্র রাশিচক্র বায়ুর দ্বারা চালিত হইয়া থাকে সুতরাং সূর্য্যও বায়ুর দ্বারা চালিত হ'ন" সা° ভা°। মূলে "বাতজূতঃ" পদ আছে ঐস্থলে জুধাতুর অর্থ গতিও হইতে পারে পরং প্রেরণা অর্থ ভাষ্যকার কোথা হইতে পাইলেন? বোধ হয় তাঁহার বিজ্ঞানবত্তাই ঈদৃশ অর্থের একমাত্র যোজক। বস্তুত নিরুক্তকার ভগবান্ যাস্ক ঋষি, 'জূত' শব্দের অর্থ গত ও প্রীত বলিয়াছেন ১০, ৩, ৪।

বা০ টী০। 'যঃ' যে পুরুষ দেবতা; 'বাতজূতঃ' বায়ুর ন্যায় সর্ব্বগত হইয়া 'ত্মনা' আত্মশরীর দ্বারাই অর্থাৎ এক আপনিই 'বহুধা বিরাজতি' ঘটাকাশ মঠাকাশের ন্যায় বহু-আকারে বিরাজিত রহিয়াছেন,—'পিপর্ত্তি' সমস্ত ব্রহ্মাণ্ডকে অবিচ্ছিন্নভাবে 'পূরণ করিয়া রাখিয়াছেন,—'প্রজাঃ' অভি-রক্ষতি' সমস্ত প্রকৃতিবর্গ লক্ষ্য করিয়া রক্ষণ ক্রিয়া সম্পন্ন করিতেছেন; 'বিভ্রাট্' বিশেষ ভ্রাজিষ্ণু ও 'বৃহৎ' পৃথিবী অপেক্ষা অনেক বড়, সেই দেবতা (সূর্য্য), 'যজ্ঞপতৌ' এই সৃষ্টিযজ্ঞ পালন করিবার নিমিত্ত* 'অবিহ্রুত' নিরাপদ 'আয়ু' পরমায়ু 'দধৎ' ধারণ করত অর্থাৎ চিরজীবী হওত 'সোম্যং মধু' সোম সম্বন্ধী† মধু 'পিবতু' পান করিতে থাকুন‡ ॥ ২

(৪৪)

৩২ ৩২ ৩১২৩১২৩১২৩২৩১২ ৩ ২

চিত্রন্দেবানামুদগাদনীকঞ্চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ।

৩ ১ ২ ৩২৩১ ২৩ ১২ ৩ ১র ২র ৩১২

আপ্রাদ্যাবাপৃথিবীঅন্তরিক্ষꣳসূর্য্যআত্মাজগতস্তস্থুষশ্চ। ৩

(ঋ০ ১, ১১৫, ১)

সা০ ভা০। অথ তৃতীয়া। কুৎসঃ। 'দেবানাং' দীব্য-ন্তীতি দেবা রশ্ময়ঃ, তেষাং; দেবানামেব বা প্রসিদ্ধানাম্

* নিমিত্ত সপ্তমী। † সোমের পরিচয় সা০ সং ১ম ভাগ ৯৯৩ পৃষ্ঠা দেখ।
‡ ইহাকে প্রার্থনা বলা যায় এবং আশীর্ব্বাদও বলা যায়; উভয়থাই স্তুতি।

'অনীকং' তেজঃসমূহরূপং 'চিত্রম্' আশ্চর্য্যকরং সূর্য্যমণ্ডলম্ 'উদগাৎ' উদয়াচলং সমাসীৎ। কীদৃশম্? 'মিত্রস্য বরুণস্য-অগ্নেঃ' 'চক্ষুঃ' (উপলক্ষণমেতৎ এতদুপলক্ষিতানাং জগতাং চ চক্ষুঃ) প্রকাশকং চক্ষুরিন্দ্রিয়স্থানীয়ং বা। উদয়ং প্রাপ্যৈব 'দ্যাবাপৃথিবী' দিবং চ পৃথিবীং চ 'অন্তরিক্ষং' চ 'আপ্রাঃ' স্বকীয়েন তেজসা 'আ' সমন্তাৎ অপূরয়ৎ। ইদৃগ্ভূতমণ্ডলান্তরবর্ত্তী সূর্য্যঃ, অন্তর্যামিতয়া সর্ব্বস্য প্রেরকঃ, পরমাত্মা, 'জগতঃ' জঙ্গমস্য 'তস্থুষশ্চ' স্থাবরস্য চ 'আত্মা' স্বরূপভূতঃ; স হি সর্ব্বস্য স্থাবরজঙ্গমাত্মকস্য (কার্য্যবর্গস্য কারণাচ্চ কার্য্যং নাতিরিচ্যতে। তথাচ পারমর্ষসূত্রং—"তদনন্যত্ব মারম্ভণ-শব্দাদিভ্যঃ"—ইতি)। যদ্বা। স্থাবরজঙ্গমাত্মকস্য সর্ব্বপ্রাণি-জাতস্য জীবাত্মা; উদিতে হি সূর্য্যে মৃতপ্রায়ং সর্ব্বং জগৎ পুনশ্চেতনযুক্তং সৎ উপলভ্যতে। তথাচ শ্রূয়তে—"য়োঽসৌ তমোনুদেতি সর্ব্বেষাং ভূতানাং প্রাণানাদায়ো-দেতি"—ইতি॥ ৩

স.০ ভা.০ অ.০। রশ্মিসমূহের আকর, আশ্চর্য্যকর, সূর্য্যমণ্ডল উদয়াচলে আগমন করিলেন। ইনি মিত্র, বরুণ ও অগ্নি প্রভৃতি সমস্ত জগতের প্রকাশক বা চক্ষুরিন্দ্রিয়। উদিত হইয়াই স্বকীয় তেজে দ্যুলোক, ভূলোক ও অন্তরীক্ষলোক সম্যক্ পূরণ করিয়াছেন। ইদৃক্ মণ্ডলান্তবর্ত্তী সূর্য্য, অন্তর্যামীরূপে সকলের প্রেরক পরমাত্মা, যেহেতু "কার্য্য, কারণ হইতে অতিরিক্ত নহে" অতএব জঙ্গম ও স্থাবরসমস্তের স্বরূপ। অথবা স্থাবর-জঙ্গমাত্মক সমস্ত জগতের জীবাত্মা, যেহেতু রাত্রে মৃতপ্রায় সমস্ত জগৎ সূর্য্যোদয়েই পুনঃ চেতনা লাভ করে॥ ৩

বা০ টী০। 'দেবানাং চিত্রং' সমস্ত দেবগণের মধ্যে বিচিত্র, মিত্র, বরুণ ও অগ্নির 'অনীক' উৎপত্তিস্থান*, 'চক্ষুঃ' পরব্রহ্মের বা বিরাটস্বরূপের বা সমস্ত জগতের দর্শন-সাধন যন্ত্র, 'সূর্য্যঃ' 'উদগাৎ' † সতত উদিত রহিয়াছেন,—'দ্যাবাপৃথিবী, অন্তরীক্ষং', এ লোকত্রয় 'আপ্রাৎ' ‡ সতত স্বীয় রশ্মিতে সম্যক্ পরিপূর্ণ রাখিয়াছেন, অতএব ইহাঁকেই 'জগতঃ তস্থুষঃ চ' কি স্থাবর, কি জঙ্গম, সমস্ত চরাচরের 'আত্মা' জীবন বলা যায় ॥ ৩

(৪৫)

১র ২র ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
আয়ঙ্গৌঃপৃশ্নিরক্রমীদসদন্মাতরম্পুরঃ।
৩ ১ ২ ৩ ১ ২
পিতরঞ্চপ্রয়ংৎস্বঃ (ঋ০ ১০, ১৮৯, ১) ॥ ৪

সা০ ভা০। অথ চতুর্থী। আয়ঙ্গৌঃ পৃশ্নিরিত্যস্য সার্প-রাজ্ঞী সম্যেক্ষত। ঋচস্তিস্রো ভবেদাসাং বিকল্পেনাত্মদেবতা ॥

* অর্থাৎ সূর্য্য হইতেই মিত্র=দিবা, বরুণ=রাত্রি এবং অগ্নি=বিদ্যুৎ-উৎপন্ন হইয়া থাকে।

†, ‡ "ছন্দসি লুঙ্‌লঙ্‌লিটঃ (পা০ ৩, ৪, ৬)"—সূত্রানুসারে ধাত্বর্থমাত্র বিবক্ষায় বর্ত্তমানকালেও এরূপ প্রয়োগ বিস্তর হইয়া থাকে। এতদনুসারেই মীমাংসাদর্শনে "প্রজাপতির্বৈ স্বাং দুহিতরমভ্যধ্যায়ৎ"—ইত্যাদি আখ্যায়িকাসমূহের বিদ্যমান ঘটনাবলিরূপ অর্থ নির্ণীত হইয়াছে।

'গৌঃ' গমনশীলঃ। 'পৃশ্নিঃ' প্রাষ্টবর্ণঃ ব্যাপ্ততেজাঃ 'অয়ং' সূর্য্যঃ 'আ অক্রমীৎ' আক্রান্তবান্ উদয়াচলং প্রাপ্তবানিত্যর্থঃ। আক্রম্য চ 'পুরঃ' পুরস্তাৎ পূর্বস্যাং দিশি 'মাতরং', সর্বস্য ভূতজাতস্য নির্মাত্রীং 'ভূমিম্' 'অসদৎ' আসীদতি প্রাপ্নোতি (সদেশ্ছান্দসো লেট্। ইদিত্বাৎ চ্লেরঙাদেশঃ) ততঃ 'পিতরং' পালকং, দ্যুলোকং, 'চ' শব্দাদন্তরিক্ষং 'প্রয়ন্' প্রকর্ষেণ শীঘ্রং গচ্ছন্ 'স্বঃ' সু-অরণঃ শোভন-গমনো ভবতি। যদ্বা। পিতরং স্বর্দ্যুলোকং প্রবর্ত্ততে॥ ৪

সা৹ ভা৹ অ৹। গমনশীল, প্রাষ্টবর্ণ, ব্যপ্ততেজা, এই সূর্য্য, উদয়াচল প্রাপ্ত হইয়া পূর্ব্বদিগ্ভাগে উদয় হওত সর্ব্বভূতের মাতৃস্বরূপা ধরণি ও সর্ব্বভূতের পিতৃস্বরূপ দ্যুলোক এবং অন্তরীক্ষও দ্রুতগতিতে সুন্দররূপে বিচরণ করেন॥ ৪

বা৹ টী৹। 'পৃশ্নিঃ' ব্যাপ্ততেজা, 'গৌঃ' সূর্য্য, 'অয়ং' এই 'অসদৎ' উপবিষ্ট রহিয়াছেন। ইনি, 'মাতরং পিতরং চ' মাতা এবং পিতাকে 'স্বঃ' সুখস্বরূপে 'প্রয়ন্' প্রাপ্ত হওত 'পুরঃ' ব্রহ্মাণ্ডায় সমস্ত শরীর 'আ-অক্রমীৎ' আক্রমণ করিয়া আছেন।

অর্থাৎ সমস্ত প্রাণীর সমস্ত মাতা—পিতা, আনন্দেন্দ্রিয়ে যে যে আনন্দ, উপভোগ করে, তাহার প্রধান কারণ, সূর্য্যের সত্তা সুতরাং সূর্য্যের বিদ্যমানতা প্রযুক্তই পুরসমস্ত (জীবের নিবাসস্থান শরীর সমস্ত) পরিবর্দ্ধিত হইতেছে *॥ ৪

* এই জন্যই পুরুষসূক্তের ৭ম মন্ত্রে শ্রুত হইয়াছে—"পশ্চাদ্ ভূমি মথো পুরঃ"।—২১৪ পৃং দেখ।

(৪৬)

৩ ১ ২ ২উ ৩ ২ ২ ৩ ২
অন্তশ্চরতিরোচনাস্যপ্রাণাদপানতী।
২উ ৩ ১র ২র
ব্যখ্যন্মহিষোদিবম্ (ঋ০ ১০, ১৮৯, ২) ॥ ৫

সা০ ভা০। অথ পঞ্চমী। 'অস্য' সূর্য্যস্য 'রোচনা' রোচমানা দীপ্তিঃ, 'অন্তঃ' শরীরমধ্যে মুখ্যপ্রাণাত্মনা 'চরতি' বর্ত্ততে। কিং কুর্ব্বতী? 'প্রাণাদপানতী' (মুখ্যপ্রাণস্য প্রাণাদ্যাঃ পঞ্চ বৃত্তয়ঃ। তত্র প্রাণনং নাড়ীভিরূর্দ্ধং বায়োর্নির্গমনং) তথাবিধাৎ 'প্রাণাৎ' প্রাণনাদনন্তরম্ 'অপানতী' (অপাননং নাড়ীভিরবাঙ্মুখং বায়োর্নয়নং) তৎকুর্ব্বন্তী (অপপূর্ব্বাদনিতের্লটঃ শতৃ, অদাদিভ্যশ্ছন্দসো লুক্। উগিতশ্চেতি ঙীপ্। শতুরনুমইতি নদ্যা উদাত্তত্বম্)। যদ্বা। 'অন্তঃ' দ্যাবাপৃথিব্যোর্মধ্যে 'অস্য' সূর্য্যস্য রোচনা রোচমানা দীপ্তিঃ 'চরতি' গচ্ছতি (রুচ দীপ্তৌ। অনুদাত্তেতশ্চ হলাদেরিতি যুচ্)। কিংকুর্ব্বন্তী? 'প্রাণাৎ' প্রাণনাদুদয়াদনন্তরম্ 'অপানতীং' সায়াহ্নসময়ে অস্তঙ্গচ্ছন্তী। ঈদৃশ্যা দীপ্ত্যা যুক্তঃ, অত এব 'মহিষঃ' মহান্ সূর্য্যঃ, 'দিবম্' অন্তরিক্ষম্ উদয়াস্তময়োর্মধ্যে 'ব্যখ্যৎ' বিচষ্টে প্রকাশয়তি (মহেরচি মহেষ্টিষজিতি ঔণাদিকষ্টিষচ্ প্রত্যয়ঃ। চক্ষিঙঃ খ্যাঞ্ ছান্দসে লুঙি অস্যতিবক্তিখ্যাতীত্যাদিনা চ্লেরঙাদেশঃ) ॥ ৫

সাং ভাং অং। এই সূর্য্যের দীপ্তি, শরীরের মধ্যে বায়ুর ঊর্দ্ধমুখ নির্গমন রূপ প্রাণনের অনন্তর বায়ুর অধোমুখ নয়নরূপ অপানন করত বিচরণ করি-

তেছে; অথবা দ্যাব্যাপৃথিবীর মধ্যে উদয়ের অনন্তর অস্ত, এই ক্রমে বিচরণ করিতেছে। এই মন্ত্রে সূর্য্য অন্তরীক্ষপ্রকাশ করেন॥ ৫

বা০ টী০। প্রথম পাদদ্বয়ের অর্থ সা০ ভা০ অ০ হইতে বিভিন্ন নহে; ৩ য় পাদের অর্থ, 'মহিষঃ' মহান্ তিনি 'দিবম্' দ্যুলোকও 'ব্যখ্যৎ' ব্যক্ত করিতেছেন। অর্থাৎ এই ভূলোকমাত্রই তাঁহার কার্য্যক্ষেত্র নহে। ৫

(৪৭)

৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ত্রিংশদ্ধামবিরাজতিবাক্পতঙ্গায়ধীয়তে।
৩ ২ ৩ ২ ৩ ১ ২
প্রতিবস্তোরহদ্যুভিঃ (ঋ০ ১০, ১৮৯,) ॥ ৬

সা০ ভা০। অর্থ ষষ্ঠী। 'ত্রিংশৎ' 'ধাম' ধামানি স্থানানি (বচনব্যত্যয়ঃ) 'বস্তোঃ' বাসরস্য অহোরাত্রস্যাবয়বভূতানি। 'অহ'ঃ—শব্দোঽবধারণে। দ্যুভিঃ সূর্য্যস্য দীপ্তিভিরেব 'বিরাজতি' বিরাজতে, বিশেষেণ দীপ্যতে (ব্যত্যয়েনৈকবচনং। মুহূর্ত্তান্যত্র ধামান্যুচ্যন্তে, পঞ্চদশরাত্রেঃ পঞ্চদশাহ্নঃ। 'পতঙ্গায়' পততি গচ্ছতীতি পতঙ্গঃ সূর্য্যঃ; তস্মৈ সূর্য্যায়. স্তুতিরূপ 'বাক্' 'প্রতিধীয়তে' প্রতিমুখং স্তোতৃভিঃ বিধীয়তে ক্রিয়তে। যদ্বা 'বস্তোঃ' অহ্নঃ 'ত্রিংশৎ' 'ধাম' ধামানি (ঘটিকাভিপ্রায়মেতৎ) ত্রিংশদ্ঘটিকাঃ (অত্যন্তসংযোগে দ্বিতীয়া) এতাবৎ কালং 'দ্যুভিঃ' দীপ্তিভিরসৌ সূর্য্যো 'বিরাজতি' বিশেষেণ দীপ্যতে। তস্মিংশ্চ সময়ে 'বাক্' ত্রয়ীরূপা তস্মৈ 'পতঙ্গায়'

'পতিধীয়তে' প্রতিমুখীং ধীয়তে, তং পূর্বং সেবত ইত্যর্থঃ। শ্রূয়তে হি "ঋগ্‌ভিঃ পূর্বাহ্নে দিবি দেব ঈয়তে, যজুর্বেদে তিষ্ঠতি মধ্যে অহ্নঃ। সামবেদেনাস্তময়ে মহীয়তে বেদৈরশূন্যস্ত্রিভিরেতি সূর্য্যঃ"—ইতি। যদা ত্বিহ সূক্তে সার্পরাজ্ঞ্যা আত্মস্তুতিস্তদা সূর্য্যাত্মনা স্তূয়ত ইত্যবগন্তব্যম্ ॥ ৬

সা৹ ভা৹ অ৹। দিবারাত্রের ত্রিংশৎ অংশ অর্থাৎ ত্রিংশৎ মুহূর্ত্তই (অথবা দিবসের ত্রিংশৎ অংশই অর্থাৎ ত্রিংশৎ ঘটিকাই) এই সূর্য্যদেব স্বীয় দীপ্তিতে বিরাজিত থাকেন; ঋক্, যজু ও সামরূপা ত্রয়ী বাক্, এই পতঙ্গের সেবাতেই নিযুক্ত ॥ ৬

বা৹ টী৹। প্রথম ও তৃতীয় পাদের ব্যাখ্যা সা৹ ভা৹ অ৹ হইতে বিভিন্ন নহে; দ্বিতীয় পাদের ব্যাখ্যা—'পতঙ্গায়'* এই পতঙ্গের শক্তিতেই 'বাক্' আমাদিগের বাগিন্দ্রিয় 'ধীয়তে' আমাদিগকর্ত্তৃক পোষিত হয়। অর্থাৎ সূর্য্যের শক্তিতেই আমরা বাক্-প্রয়োগে সমর্থ হই †। ৬

(৪৮)

৩ ২ ৩১ ২ ৩ ১২ ৩ ১ ২
অপত্যেতায়বোয়থানক্ষত্রায়ন্ত্যক্তুভিঃ।
১২ ৩১২
সূরায়বিশ্বচক্ষসে (ঋ৹ ১, ৫০, ২) ॥ ৭

* "ষষ্ঠ্যর্থে চতুর্থী" এই বচনানুসারে এস্থলে চতুর্থী বোদ্ধব্য।

† এই জন্যই সূর্য্যের নামান্তর 'বাচস্পতিঃ'।

সা৹ ভা৹। অথ সপ্তমী। 'ত্যে' 'তায়বঃ' 'যথা' প্রাসন্ধাস্তস্করা ইব 'নক্ষত্রাণি' দেবগেহরূপাণি ("দেবগৃহা বৈ নক্ষত্রাণি"—ইতি শ্রুত্যন্তরাৎ। যদ্বা। ইহ লোকে মানুষা যে স্বর্গ মাপ্নুবন্তি তে নক্ষত্ররূপেণ দৃশ্যন্তে। তথাচ শ্রূয়তে,—'য়ো বা ইহ য়জতে অমুং স লোকং নক্ষতে, তন্নক্ষত্রাণাং নক্ষত্রত্বম্'—ইতি। য়দ্বা, তেষাং সুকৃর্ত্তিনাং জ্যোতীংষি নক্ষত্রাণ্যুচ্যন্তে। 'সুকৃতাং বা এতানি জ্যোতীংষি য়ন্নক্ষত্রাণি' —ইত্যাম্নানাৎ। য়াস্কস্ত্বাহ—'নক্ষত্রাণি নক্ষতের্গতিকর্ম্মণো নেমানি ন ক্ষত্রাণীতি চ ব্রাহ্মণম্'—ইতি) যথাবিধানি নক্ষত্রাণি 'অক্তুভিঃ' রাত্রিভিঃ সহ 'অপয়ন্তি' অপগচ্ছন্তি। বিশ্বচক্ষসে' বিশ্বস্য সর্ব্বস্য প্রকাশকস্য 'সূরায়' সূর্য্যস্য আগমনং দৃষ্ট্বেতি শেষঃ। তস্করা নক্ষত্রাণি চ রাত্রিভিঃ সূর্য্য আগমিষ্যতীত্যাকুলায়ন্তইত্যর্থঃ (তায়ুরিতি স্তেননাম। তায়ুঃ তস্করঃ ইতি তন্নামসু পাঠাৎ। অক্তুরিতি রাত্রিনাম। শর্ব্বরী, অক্তুঃ ইতি তন্নামসু পাঠাৎ)॥ ৭

সা৹ ভা৹ অ৹। (দেবগৃহস্বরূপ বা পুণ্যবান্ ব্যক্তিদের জ্যোতিঃ*), নক্ষত্রসকল, সর্ব্বপ্রকাশক সূর্য্যদেবের আগমন দর্শনে তস্করগণের ন্যায়, আশ্রয়দাত্রী রাত্রির সহিত প্রস্থান করে॥ ৭

বা৹ টী৹। সা৹ ভা৹ অ৹ হইতে বিভিন্ন নহে। ৭

* এটুকু মন্ত্রের মধ্যে নাই, ইহা ভাষ্যকারের পাণ্ডিত্য

(৪৯)

১৩ ৩ ২ ৩ ২ ৩২ ৩১৩ ১২
অদৃশ্রন্নস্যকেতবোবিরশ্ময়োজনাঁ অনু।
১২ ৩১২
ভ্রাজন্তোঅগ্নয়োয়থা (ঋ০ ১, ৫০, ৩) ॥ ৮

সা০ ভা০। অথাষ্টমী। 'অস্য' সূর্য্যস্য 'কেতবঃ' প্রজ্ঞাপকাঃ 'রশ্ময়ঃ', দীপ্তয়ঃ 'জনান্ অনু বি অদৃশ্রন্' জনান্ সর্ব্বান্ অনুক্রমেণ প্রেক্ষন্তে। সর্ব্বং জগৎ প্রকাশয়ন্তীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—'ভ্রাজন্তঃ' দীপ্যমানা 'অগ্নয়ঃ' ইব॥ "অদৃশ্রন্"-"অদৃশ্রম্"—ইতি পাঠৌ॥ ৮

সা০ ভা০ অ০। এই সূর্য্যের বিখ্যাতিকারী, জ্বলন্ত অগ্নির ন্যায় দেদীপ্যমান, এই রশ্মিপুঞ্জই সমস্ত জগৎ প্রকাশ করিতেছেন॥ ৮

বা০ টী০। সা০ ভা০ অ০ হইতে বিভিন্ন নহে। ৮

(৫০)

৩১২ ৩১২ ৩১ ২
তরণির্বিশ্বদর্শতোজ্যোতিষ্কৃদসিসূর্য্য।
৩১ ২ ৩২
বিশ্বমাভাসিরোচনম্ (ঋ০ ১, ৫০, ৪) ॥ ৯

সা০ ভা০। অথ নবমী। হে 'সূর্য্য' ত্বং 'তরণিঃ' প্রগন্তা, অন্যেন গন্তুমশক্যস্য মহতোঽধ্বনো গন্তাসি (তথাচ স্মর্য্যতে—"যোজনানাং সহস্রে দ্বে দ্বে শতে দ্বে চ যোজনে।

একেন নিমিষার্দ্ধেন ক্রমমাণ! নমোস্তু তে”—ইতি)। যদ্বা। উপাসকানাং রোগাত্তারয়িতাসি। “আরোগ্যং ভাস্করাদিচ্ছেৎ”—ইতি স্মরণাৎ)। তথা ‘বিশ্বদর্শতঃ’ বিশ্বৈঃ সর্ব্বৈঃ প্রাণিভির্দর্শনীয়ঃ (আদিত্য-দর্শনস্য চণ্ডালাদি-দর্শন-জনিত-পাপ-নির্হরণ-হেতুত্বাৎ। তথা চাপস্তম্বঃ—‘দর্শনে জ্যোতিষাং দর্শতম্’—ইতি)। যদ্বা, ‘বিশ্বং’ সর্ব্বং ভূতজাতং ‘দর্শতং’ দ্রষ্টব্যং প্রকাশ্যং য়েন, স তথোক্তঃ। তথা ‘জ্যোতিষ্কৃৎ’ জ্যোতিষঃ প্রকাশস্য কর্ত্তা। সর্ব্বস্য বস্তুনঃ প্রকাশয়িতেত্যর্থঃ। যদ্বা। চন্দ্রাদীনাং রাত্রৌ প্রকাশয়িতা। (রাত্রৌ হি অম্বুময়েষু চন্দ্রাদিবিম্বেষু সূর্য্যকিরণাঃ প্রতিফলিতাঃ সন্তোঽন্ধকারং নিবারয়ন্তি। যথা দ্বারস্থদর্পণোপরি নিপতিতাঃ সূর্য্যরশ্ময়ো গৃহান্তর্ব্বর্ত্তি তমো নিবারয়ন্তি তদ্বদিত্যর্থঃ)। যস্মাদেবং তস্মাৎ বিশ্বং ব্যাপ্তং ‘রোচনং’ রোচমানম্ ‘অন্তরিক্ষম্’ ‘আ’ সমন্তাৎ ‘ভাসি’ প্রকাশয়সি॥

যদ্বা। হে ‘সূর্য্য’ অন্তর্যামিতয়া সর্ব্বস্য প্রেরক! পরমাত্মন! “তরণিঃ” সংসারাব্ধেস্তারকোঽসি। যস্মাৎ ত্বং ‘বিশ্বদর্শতঃ’ বিশ্বৈঃ সর্ব্বৈর্মুমুক্ষুভির্দর্শতো দ্রষ্টব্যঃ, সাক্ষাৎকর্ত্তব্য ইত্যর্থঃ (অধিষ্ঠানসাক্ষাৎকারে হি আরোপিতং নিবর্ত্ততে)। ‘জ্যোতিষ্কৃৎ’ জ্যোতিষঃ সূর্য্যাদেঃ কর্ত্তা (তচ্চাম্নায়তে—“চন্দ্রমা মনসো জাতশ্চক্ষোঃ সূর্য্যো অজায়ত”—ইতি)। ঈদৃশস্ত্বং চিদ্রূপতয়া ‘বিশ্বং’ সর্ব্বং দৃশ্যজাতং ‘রোচনং’ রোচমানং দীপ্যমানং য়থা ভবতি তথা ‘আভাসি’ প্রকাশয়সি (চৈতন্য-

স্ফুরণে হি সর্ব্বং জগৎ দৃশ্যতে। তথা চাম্নায়তে—"তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি"—ইতি॥ ৯

সা° ভা° অ°। হে সূর্য্য! তুমি তরণি অর্থাৎ অগম্য পথসমূহ সতত অনায়াসে উত্তীর্ণ হইতেছ অথবা উপাসকগণকে রোগাদি যন্ত্রণা হইতে উত্তীর্ণ করিতেছ, তুমি সর্ব্বপ্রাণীর দর্শনীয় অথবা তোমার জ্যোতিতেই বিশ্ব জগৎ দৃষ্ট হইয়া থাকে, চন্দ্রাদির জ্যোতিও তোমা হইতে*, এ বিশ্ব, রোচমান, অন্তরীক্ষ তুমিই সম্যক্ প্রকাশিত করিতেছ†॥ ৯

বা° টী°। সা° ভা° অ° হইতে বিভিন্ন নহে। ৯

(৫১)

৩২ ৩২৩ ১২ ২১র ২র৩
প্রত্যঙ্ দেবানাংবিশঃপ্রত্যঙ্ঙুদেষিমানুষান্।
৩২ ক২র৩২
প্রত্যঙ্বিশ্বংস্বর্দৃশে (ঋ° ১, ৫০ ৫)॥ ১০

সা° ভা°। অথ দশমী। হে সূর্য্য। ত্বং 'দেবানাং' 'বিশঃ' মরুন্নামকান্ দেবান্ ("মরুতো বৈ দেবানাং বিশঃ"—ইতি শ্রুত্যন্তরাৎ। তান্মরুৎসংজ্ঞকান্ দেবান্ 'প্রত্যঙ্ উদেষি' প্রতিগচ্ছন্নুদয়ং প্রাপ্নোষি। তেষামভিমুখং যথা ভবতি তথেত্যর্থঃ। তথা 'মানুষান্' মনুষ্যান্ প্রত্যঙুদেষি। তেঽপি যথাস্মদভিমুখ এব সূর্য্যউদেতীতি মন্যন্তে তথা। 'বিশ্বং'

* সায়ণাচার্য্যও ইহা বুঝিয়াছিলেন।

† সায়ণাচার্য্য এস্থলে অধ্যাত্মপক্ষেও একটি অর্থ করিয়াছেন।

ব্যাপ্তং 'স্বঃ' দ্যাং লোকং 'দৃশে' দ্রষ্টুং 'প্রত্যঙ্' উদেষি। যথা স্বর্লোক-বাসিনো জনাঃ স্বস্বাভিমুখেন পশ্যন্তি তথা উদেষীত্যর্থঃ (এতদুক্তং ভবতি—যে লোকাঃ পশ্যন্তি, তে জনাঃ সর্বেঽপি স্বস্বাভিমুখ্যেন সূর্য্যং পশ্যন্তীতি। তথাচাম্নায়তে—'তস্মাৎ সর্ব এব মনস্যন্তে মাং প্রত্যুদগাৎ'—ইতি॥ ১০

সা॰ ভা॰ অ॰। হে সূর্য্য! তুমি অন্তরীক্ষস্থ দেবগণের সম্মুখে উদয় হইতেছ, তুমি ভূলোকস্থ আমাদিগেরও সম্মুখেই উদয় হইতেছ এবং দ্যুবাসি-দিগের দর্শনার্থ তাহাদিগেরও সম্মুখেই উদয় হইতেছ—কি আশ্চর্য্য! একমাত্র তুমি লোকত্রয়ের সম্মুখস্থ হইতেছ, যিনি যথা হইতে দর্শন করুন তোমাকে সম্মুখেই দেখিতে পাইবেন॥ ১০

বাং টী॰। সা॰ ভা॰ অ॰ হইতে বিভিন্ন নহে। ১০

(৫২)

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
য়েনাপাবকচক্ষসাভুরণ্যন্তংজনাওঅনু।
১ ২ ৩ ১ ২
ত্বংবরুণপশ্যসি (ঋ॰ ১, ৫০, ৬)॥ ১১

সা॰ ভা॰। অথ একাদশী। হে 'পাবক' সর্বস্য শোধক! 'বরুণ' অনিষ্ট-বারক সূর্য্য! ত্বং 'জনান্' প্রাণিনঃ 'ভুরণ্যন্তং' ধারয়ন্তং, পোষয়ন্তং বা ইমং লোকং য়েন 'চক্ষসা' প্রকাশেন 'অনু পশ্যসি' অনুক্রমেণ প্রকাশয়সি, তং প্রকাশং স্তুম ইতি শেষঃ। যদ্বা। উত্তরস্যা মৃচি সম্বন্ধঃ, তেন চক্ষসা

উদেষি ইতি। তথা চ য়াস্কেনোক্তং—"জনস্ত্বে বয়ং স্তুম ইতি বাক্যশেষোঽপি বোত্তরস্যা মন্ত্রয়স্তেন বোধিঃ"—ইতি ॥ ১১

সা০ ভা০ অ০। সমস্ত পদার্থের শোধক ও অনিষ্টবারক হে সূর্য্য! তুমি প্রাণিগণকে ধারণ বা পোষণ করত যে প্রকাশে প্রতিনিয়ত প্রকাশিত করিয়া থাক, সেই প্রকাশ সর্ব্বথা বর্ণনীয় ॥ ১১

বা০ টী০। সা০ ভা০ অ০ হইতে বিভিন্ন নহে। ১১

(৫৩)

১র ২র৩১২ ৩২৩ ১২ ৩
উদ্দ্যামেষিরজঃপৃথ্বহামিমানোঅক্তুভিঃ।
২৩ ১২
পশ্যংজন্মানিসূর্য্য (ঋ০ ১, ৫০, ৭) ॥ ১২

সা০ ভা০। অথ দ্বাদশী। হে 'সূর্য্য!' ত্বং 'পৃথু' সুবিস্তীর্ণং 'রজঃ' লোকং ('লোকা রজাংস্যুচ্যন্তে'—ইতি য়াস্কবচনাৎ) দ্যুলোকং 'দ্যাম্' অন্তরিক্ষলোকম্ উদেষি' উদ্গচ্ছসি। কিং কুর্ব্বন্? 'অহানি' 'অক্তুভিঃ' রাত্রিভিঃ সহ 'মিমানঃ' উন্মানয়ন্ (আদিত্যগত্যধীনত্বাদহোরাত্রবিভাগস্য), তথা 'জন্মানি' জননবন্তি ভূতজাতানি 'পশ্যন্' প্রকাশয়ন্ ॥ "উদ্দ্যাম্"—"বিদ্দ্যাম্"—পাঠৌ ॥ ১২

বা০ টী০। হে সূর্য্য! তুমি 'পৃথু' পৃথিবী, রজঃ' অন্তরীক্ষ, 'দ্যাং' দ্যুলোক; এই লোকত্রয়ে 'অহানি (অহোভিঃ) অক্তুভিঃ মিমানঃ' দিবা—রাত্রির দ্বারা কালকে পরিমিত করত এবং 'জন্মানি' সৃষ্টবস্তুমাত্রকে 'পশ্যন্' (দর্শয়ন্) দর্শনক্ষম করত 'উৎ এষি' উদিত হইতেছ।

অর্থাৎ একমাত্র সূর্য্যের উদয়েই দিবারাত্রি নিষ্পন্ন হওআয় এই অনন্ত মহাকালের পরিমাণ করা যায় এবং সূর্য্যের উদয়েই আলোক নিষ্পন্ন হওআয় সমস্ত জীবের দৃষ্টি, কার্য্যকর হয়। ১২

স্বা০ ভা০ অ০। হে সূর্য্য! তুমি এই সুবিস্তীর্ণ দ্যুলোককে ও অন্তরীক্ষ লোকে দিবাসমুদয়কে রাত্রিসমুদয়ে পরিমাণ করত এবং সমস্ত পদার্থের প্রকাশয়িতা হওত প্রতিনিয়তই উদিত হইতেছে॥ ১২

(৫৪)

১২ ৩২ ৩ ২ ৩ ২ ৩ ১ ক ২র
অয়ুক্তসপ্তশুন্ধ্যুবঃসূরোরথস্যনপ্ত্র্যঃ।
১ ২ ৩ ১ ২
তাভির্যাতিস্বয়ুক্তিভিঃ (ঋ০ ১, ৫০, ৯)॥ ১৩

সা০ ভা০। অথ ত্রয়োদশী। 'সূরঃ' সর্ব্বস্য প্রেরকঃ সূর্য্যঃ, 'শুন্ধ্যুবঃ' শোধিকাঃ অশ্বস্ত্রিয়ঃ। তাদৃশীঃ 'সপ্ত' সপ্ত-সংখ্যাকাঃ 'অয়ুক্ত' স্ব-রথে য়োজিতবান্। কীদৃশীঃ? 'রথস্য' 'নপ্ত্র্যঃ' নপাতয়িত্র্যঃ। য়াভির্যুক্তো রথো য়াতি ন পততি ঈদৃশীরিত্যর্থঃ। এবম্ভূতাভিঃ 'তাভিঃ অশ্বস্ত্রীভিঃ 'স্বয়ুক্তিভিঃ' স্বকীয়-য়োজনেন রথে সম্বদ্ধাভিঃ 'য়াতি' য়জ্ঞ-গৃহং প্রত্যাগচ্ছতি। অতস্তস্মৈ হবির্দাতব্য মিতি বাক্য-শেষঃ॥ ১৩

১ স্রা৽ ভা৽ অ৽। সকলের প্রেরক, সূর্য্যদেবতা, যাহারা তাঁহার রথবহনে সক্ষমা, ঈদৃশী শোধিকা সপ্তসংখ্যাকা ঘোটকীকে স্বীয় রথে যোজিত করিয়া সেই রথে যজ্ঞগৃহে আসিতেছেন অতএব তাঁহাকে হবি দেওআ কর্ত্তব্য॥ ১৩

বা৽ টী৽। 'সূরঃ' সূর্য্যদেবতা, 'রথস্য নপ্ত্র্যঃ' স্বীয় রথের নপ্ত্রী, 'সপ্ত শুন্ধ্যুবঃ' সাতটি শুন্ধ্যুকে 'অযুক্ত' স্বীয় রথে যুক্ত করিয়া রাখিয়াছেন। 'তাভিঃ স্বযুক্তিভিঃ' সেই স্বযুক্তিগুলির দ্বারা 'যাতি' প্রাপ্তব্য স্থান প্রাপ্ত হইয়া থাকেন*। ১৩

* এই পৃথিবীর গন্তব্য পথটি চক্রাকার, ইহাই একচক্র রথ, ইহাতে সূর্য্য রথীরূপে অধিষ্ঠিত রহিয়াছেন। নিরুক্তকার বলেন (৪, ২, ৮)—শুন্ধ্যু শব্দে সূর্য্যের প্রভা, ইহাদের দ্বারাই সমস্ত জগৎ শোধিত হইয়া থাকে বলিয়া ইহাদিগকে শুন্ধ্যু বলা যায়। ইহারাই এই একচক্র রথের নপ্ত্রী অর্থাৎ রক্ষয়িত্রী অর্থাৎ সৌর প্রভাপুঞ্জেই এ পৃথিবীর কক্ষা বা সূর্য্যের রথ আকৃষ্ট রহিয়াছে। যেহেতু ইহাদের আকর্ষণবলেই পৃথিবী ঘুরিতেছে অতএব ইহারাই সূর্য্যের রথবাহিকা ঘোটকীরূপে কবিবর্ণিত হইয়াছে। ইহাদিগকে সূর্য্যের নপ্ত্রী অর্থাৎ নাতিনীও বলা যায়; সূর্য্যের কন্যা উষা এবং উষার কন্যা ইহারা, এই সম্বন্ধই তাহার নিদান। সূর্য্যের প্রভা অষ্টদিকেই বিকীর্ণ থাকিলেও পশ্চাদ্ভাগে রথবহন হইতেছে না অতএব এই বাহনদের সংখ্যা 'সপ্ত' নির্ণীত হইয়াছে। ইহারা স্বয়ংই রথে যুক্ত আছে অতএব ইহাদিগকে 'স্বযুক্তি' কহা যায় এবং ইহাদের দ্বারা সূর্য্য পৃথিবী প্রভৃতিকে স্বীয়াভিমুখে আকর্ষণ করিয়া ঘুরাইয়া ঘুরাইয়া সর্ব্বদেশ প্রাপ্ত হন।

(৫৫)

৩ ১ ০২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
সপ্তত্বাহরিতোরথেবহন্তিদেবসূর্য্য।
২ ১ ২
শোচিষ্কেশংবিচক্ষণ (ঋ০ ১, ৫০, ৮) ॥ ১৪ ॥

॥ ইতি পঞ্চমো দশৎ ॥ ৫ ॥

॥ সমাপ্তোঽয়মারণ্যকোঽধ্যায়ঃ ॥

সা০ ভা০। অথ চতুর্দ্দশী। হে 'সূর্য্য !' 'দেব' দ্যোতমান ! 'বিচক্ষণ !' সর্ব্বস্য প্রকাশয়িতঃ ! 'সপ্ত' সপ্ত-সঙ্খ্যাকাঃ 'হরিতঃ' অশ্বাঃ, রস-হরণ-শীলা রশ্ময়ো বা 'ত্বা' ত্বাং 'বহন্তি' প্রাপ্নুবন্তি ? কীদৃশম্। 'রথে' অবস্থিত মিতি শেষঃ। তথা 'শোচিষ্কেশং' শোচীংষি তেজাংস্যেব যস্মিন্ কেশাইব দৃশ্যন্তে স তথোক্তস্তমিতি ॥ ১৪ ॥

ইতি সায়ণাচার্য্য-বিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখ্যানে ষষ্ঠাঽধ্যাযস্য পঞ্চমঃ খণ্ডঃ ॥

বেদার্থস্য প্রকাশেন তমো হার্দ্দং নিবারয়ন্।
পুমর্থাংশ্চতুরো দেয়াদ্বিদ্যাতীর্থমহেশ্বরঃ ॥

ইতি শ্রীমদ্রাজাধিরাজ-পরমেশ্বর-বৈদিক-মার্গ-প্রবর্ত্তক-শ্রীবীর-বুক্ক-ভূপাল-সাম্রাজ্য-ধুরন্ধরেণ সায়ণাচার্য্যেণ বিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখ্যানে অরণ্যে এবাধ্যেতব্যঃ ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥

॥ গ্রন্থশ্চ সমাপ্ত ॥

সাঃ ভাঃ অঃ। হে দ্যোতমান! সূর্য্য! হে সমস্ত জগতের প্রকাশয়িতঃ! রথে অবস্থিত, শোচিষ্কেশ* তোমাকে হরিতবর্ণ† সপ্ত অশ্ব অথবা রসহরণশীল রশ্মিপুঞ্জ বহন করিতেছে॥ ১৪॥

বাং টীং। সাঃ ভাঃ অঃ হইতে বিভিন্ন নহে॥ ১৪

ইতি শ্রীসত্যব্রত সামশ্রমী সামগ কৃত ছন্দোগারণ্যকের এবং তদীয় সায়ণভাষ্যের বঙ্গানুবাদ সমাপ্ত॥

॥ ইত্যারণ্যকার্চ্চিকঃ সমাপ্তঃ ॥

(গ্রন্থসমাপ্তিঃ)

* শোচিঃ অর্থাৎ তেজ, যাহার কেশস্থানীয়।

† 'হরিতবর্ণ' অর্থ কবিত্বব্যঞ্জক মাত্র; বস্তুত 'হরিত' শব্দে দিক্ বুঝায়, তদনুসারেই দিগ্ব্যাপিনী প্রভাকেও হরিত বলা যায়। সূর্য্যকিরণাবলি রসহরণশীল বলিয়াই হরি ও হরিত নামে অভিহিত হইয়া থাকে, ইহাও ব্যাখ্যাত্তম। প্রভাপুঞ্জের আকর্ষণানুসারে পৃথিব্যাদি গ্রহ উপগ্রহগণ স্ব স্ব কক্ষায় নিয়ত ঘুরিতেছে এবং সেই ঘূর্ণন-অনুসারেই সূর্য্যের সম্মুখপ্রাপ্ত হইতেছে সুতরাং প্রভাপুঞ্জই সূর্য্যকে সেই সেই স্থলে উপনীত করিতেছে, এই জন্য তাহাদিগকেই সূর্য্যবাহন কহা যায় এবং প্রতি গ্রহের পক্ষেই সূর্য্যের পশ্চাদ্ভাগের প্রভা 'বাহক' নহে কাজেই তাহা ব্যতীত অপর সপ্তদিগগত সপ্তপ্রভাই সূর্য্যের সপ্তঅশ্ব বলিয়া নির্ণীত হইয়াছে। আরও রামধনুতে সপ্তবর্ণ প্রকাশ পাইয়া থাকে, এই প্রমাণে যাঁহারা সূর্য্যের রশ্মিমাত্রকেই সপ্তবর্ণবিশিষ্ট বলেন, তাঁহাদের মতে সূর্য্যে বাহনের সংখ্যা সপ্ত, অতি স্পষ্ট। তৈত্তিরীয় আরণ্যকে পর্জ্জন্যের সপ্ত নাম শ্রুত হইয়া থাকে, যথা— বরাহ, স্বতপঃ, বিদ্যুন্মহঃ, ধূপি, শ্বাপি, গৃহমেধ ও অশিমিবিদ্বিট্। সায়ণাচার্য্য, ঋং সং ২মং ৩৯০ ১২শ ঋকের ব্যাখ্যাকালে এইগুলিকে ইন্দ্রের সপ্তরশ্মি বলিয়া বর্ণনা করিয়াছেন। ইহার তাৎপর্য্যাদি প্রস্তাবান্তরে দেখাইবার ইচ্ছা থাকিল; ফলে এইমাত্র বলিয়া সতর্কিত করা উচিত, যে, ইন্দ্রের সপ্ত-রশ্মি ও সূর্য্যের সপ্ত-অশ্ব এক পদার্থ নহে॥

॥ অথ মহানাম্ন্যার্চ্চিকঃ ॥

॥ হরিঃ ওঁ ॥

